

দৈনিক
কীর্তনাখাণা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

দরিদ্র দেশগুলোতে
খাদ্যসংকট আরও
তীব্র হচ্ছে

খালের। যে ঘাঁটি কোনো রকমে টিকে আছে, সেগুলোর বুকেও এখন ছোট ছোট মুক্তার অশেখা। মুক্তথায় এসব খালের দ্বারা ফিরিয়ে আনলে কেউটি কোটি টাকা ব্যয় করা হলেও বহর মুনসেই পলি আর বজ্রের আবারও ভরাট হয়ে পেছে খাল।

বাংলাদেশ পরিসরে উন্নয়নের সামর্যক রক্ষকক আলো বলেন, গত ৩ বছরে, ২০ সালে প্রায় ৮ কোটি টাকা করে ৭টা খালের জন্য ইয়ে করছে এটা মধ্যে ৬টা খাল পরবর্তীতে এইটা আসছে। এ ৮ কোটি টাকা যে খালে কাজকক করছে, ও কোনে কাজই হয় না। কারণ, এটা খালেই তারা করে? দুখ কারণ করে? সব রাজনৈতিক প্রভাবশালী লোককক জোয়ার-ভাটার ওপর নির্ভরশীল এ প্রাকৃতিক জলপথ অনেক পরিপন্থ হয়েছেন নগরীর উন্নয়ন

কোথাও পুরোপুরি বন্ধ হয়ে গেছে মানিগাঁব, পানি ঢেকে গিয়েছে কচুরপানায়। এর জন্য সঠিক তদারকি, জবাদিহিহিরে অভাব মানি বলে মনে করছেন শরয়রশী। হানার

২ এর পাশায় ডেখা

কীর্তনখোলা ডেক্স
 হিসাবের যুদ্ধের প্রভাব বিশ্বব্যাপী
 খানা সেক্টর পরিষিষ্টকে আতঙ্কিত
 খারাপ করেছে। এর ফলে দ্রুত
 দেশেগোলের লাম্বা মানুষ তীব্র
 খাদ্যসংকটের খুঁকিতে পড়তে
 পারে। বুঝার (১০ জন) বিশ্ব
 খাদ্য কনসার্ন (উজ্জ্বলপ্রাণ)
 ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক কার্ল
 ক্রাক-এর বরাত দেওয়া এ সংবাদ
 প্রকাশ করেছে মার্কিন সংবাদ
 মাধ্যম সিএনএন। কার্ল ক্রাক
 বলেন, হরমুদ প্রাণি বন্ধ হয়ে
 যাওয়ায় জ্বালানির দাম
 প্রচণ্ডভাবে বেড়েছে এতে
 জাতিসংঘের এন এসআর
 কার্যক্রম পরিচালনার খরচ বৃদ্ধি
 পেয়েছে এবং বিশ্বজুড়ে খাদ্যের
 ২ এর পাঠ্য দেবন

৪৮ হাজার টাকা
পর্যন্ত কমলো হাটের
রিংয়ের দাম
কীর্জনখোলা ডেস্ক
হৃদরোগ চিকিৎসায় ব্যবহৃত
হাটের রিং বা কারোনারি স্টেন্ডের
দামের হ্রাস ঘটা নিয়ে গুরুত্বপূর্ণ



সীতকান্তনাথ বিদ্যোৎ প্রাকল্পিকত্ব নির্দেশায়, নির্বিচারে জালাশয় ভরাট এবং ভূগর্ভস্থ পানির অতিরিক্ত উত্তোলনের ফলে তীব্র পরিবেশগত সমস্টের মনো পড়ছে। এতিয়াযাই সীতকান্তনাথ নদী বিবীত বর্ষণাল নগর। এং এসকট থেকে উত্তরণে বর্জ্য বাবশায়	আধুনিকায়ন, শহরের বুক চিরে যাবে যাওয়া খালগোলায় দুষণ দুষণ রোধ এবং পরিবেশ প্রতিবেশ রক্ষায় সম্ভিত মহাপ্রকল্পনা হংসের দাবি উঠেছে। বুবারা (১০ জন) বিবেশে বর্ষণাল নগর ভূমির সমস্টকে 'বর্ষণালের পরিবেশ প্রতিবেশ' সুরক্ষায় সম্ভিত	উদ্যোগ। এতিয়াযানে 'নাপ্রকল্প ভাানা' শীকক গুরুত্বপূর্ণ মর্ভবিনময় সভায় এসব দাবি ও পরামর্শ তুলে পনো নগরীর বিজ্ঞপ্তির সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বর্ষণাল সিটি কম্পোনেরের (বিসিসি) প্রশ্নাকক ২ এং পানায় দেখুন
---	--	--

দায়িত্বে অবহেলার অভিযোগ তুলে চিকিৎসকের ওপর হামলা

বরিশালে হাম উপসর্গে ৩০ বছর পর কবর থেকে তোলা হবে ৪৭ রোগীর মৃত্যু সালমান শাহ'র লাশ

দৈনিক বীর্ভনাখালা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক বীর্ভনাখালা পত্রিকার জন্য বালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, বাউফল, আমতলী, জোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আত্মপ্রত্যাগ পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

বরিশালে কবি ফররুখ আহমেদের ১০৮তম জন্মবার্ষিকীর সাহিত্য আভ্যায় উপস্থিত কবি সাহিত্যিক ও লেখকদের একাংশ -

কীর্তনখোলা

ডোলায় ৪০০ কোটি

টাকার বিদ্যুৎ প্রকল্প চালু

নিয়ে লিগ্যাল নোটিশ

কীর্তনখোলা স্টেজ

ডোলায় সারাগণ মানুষের দুর্ভোগে ভোগার অবশেষে ৪০০ কোটি টাকার পাওয়ার ডিস্ট্রিবিউশন প্রকল্পে চালু এবং নিরাক্ষর বিশেষ করে দুর্গম অঞ্চলে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করণ লিগ্যাল নোটিশ ২ এর পাঠ্যয় দেখুন

কীর্তনখোলা রিপোর্ট

রাজধানীর চান্দাখালুপুল এলাকায় মৌমিতা পরিবহনের দুটি বাসের রেষায়েষিতে মাঝখানে চাপা পড়ে এক যাত্রী নিহত হয়েছে।

বুধবার (১০ জুন) বিকেল সোয়া চাটায় ঢাকা মেট্রোল কলেজ হাসপাতালের নতুন ভবনের সামনে এ ঘটনা ঘটে। নিহতের নাম- জয় দেব গুপ্তা। তিনি বরিশালের পাটেলবাড়ী উপজেলার বাসিন্দা। কাজ করতেন একটা ঔষধ স্টোরস্প্যান্ডিতে ডিস্ট্রিবিউটর হিসেবে। নিহতের সহকর্মী মিলানুর রহমান জানান, জন্মবে

আমার বন্ধু ও সহকর্মী। আমার একই প্রতিষ্ঠানের ডিস্ট্রিবিউট হিসেবে কাজ করি। বিকেলে ব্যবসায়িক কাজ শেষে শাখা থেকে যাত্রাবাড়ীর বাসার উদ্দেশ্যে রওনা হয়েছিলেন। পরে অবশেষে হাসপাতালে ছুটে গেলে দেখি ২ এর পাঠ্যয় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলায় প্রখ্যাত বাংলা ভাষাপারিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি প্রভাসমহেন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মন্ত্রণালয় শিক্ষাবোর্ডের সাবেক পরিচালক মিল্লক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা





উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রয়োজনের ভিত্তিতে রচিত, 'তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক মন্থর প্রান্তিতে সহায়ক' সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা হস্তপুস্তক বিদ্যায় প্রধান পরীক্ষক, সরকারি আশেগঞ্জাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সুজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব দ্ব্যনে বইটি পাওয়া যাচ্ছে

ব্রুক ভিন্সা ১৯৩২-১৯৪১	ইসলামিয়া লাইব্রেরি ১৯৩১-১৯৪১	অকুর লাইব্রেরি ১৯৩১-১৯৪১	অকুর লাইব্রেরি ১৯৩১-১৯৪১
মন্সফর লাইব্রেরি ১৯৩১-১৯৪১	নিউ মন্সফর লাইব্রেরি ১৯৩১-১৯৪১	সহায়ন বুক হাউজ ১৯৩১-১৯৪১	মুন্সফর লাইব্রেরি ১৯৩১-১৯৪১
অমৃত লাইব্রেরি ১৯৩১-১৯৪১	নিউ কল্জ লাইব্রেরি ১৯৩১-১৯৪১	বক লাইব্রেরি ১৯৩১-১৯৪১	আশাশুনিয়া লাইব্রেরি ১৯৩১-১৯৪১

**বরিশালে কবি
ফররুখ আহমদের
জন্মবার্ষিকী পালিত**

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে মানববাণী ও মুসলিম
রেসোর্সের কবি ফররুখ আহমদের
১০৮তম জন্মবার্ষিকী পালিত
হয়েছে। গতকাল ১০ জুন বরিশাল
হকিমের বরিশাল নগরীর সমর
কড় দৈনিক বাংলাদেশ সাহিত্য
কার্যালয়ে ও উপস্থিত বাহিত্য
আড্ডার আয়োজন করে
সাহিত্য সংসদ ও মুক্তবুলি (সেক্স
ফোরাম)। শেকড় সাহিত্য
সংসদে সহ সভাপতি কবি আল
হাফিজের সভাপতিত্বে অনুষ্ঠান
প্রধান অতিথি ছিলেন জাতীয়
কবিদা ২ এ পদাধিযা খেন

গঠনের কর্মীদের' ডিও ভাইরাল

রকজন তরুণের মদ পানের একটি
ছড়িয়ে পড়েছে। স্থানীয়রা এসব
সুযোগের মতো সনাক্ত করেছে।
তরুণ অঙ্গশ্রেণী বোধ প্রতিক্রিয়া দেখা
দেখার পর মানুষের মাঝেও। বুধবার
ওগো এই ভিডিওটি এলাকাবাসীর
মুখে পড়লেই ভিডিও দেখা বাসীর
বোধেতে গোল হয়ে বসে; সামনে
বলে পানীয়ের হাতের ও চিপসের
এক একে উপস্থিত সবার কাপে
বার কাপে মদ ঢেলে দিতে দেখা
দেখা দাবি, তিনি এসব সময় নিষিদ্ধ
মিতিতে সক্রিয় ছিলেন। ২০২৪
এর পাতায় দেখুন

বরিশালে হাম উপসর্গে ৩০ বছর পর কবর থেকে তোলা হবে ৪৭ রোগীর মৃত্যু সালমান শাহ'র লাশ

দৈনিক বীর্ভনাখালা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক বীর্ভনাখালা পত্রিকার জন্য বালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, বাউফল, আমতলী, জোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আত্মপ্রত্যাগ পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

-ସଫଳତା ସମ୍ପାଦକ
୦୧୭୦୪୧୬୮୪୧୯

সম্প্রাদিকীয় রাষ্ট্র ও সমাজকে পদক্ষেপ নিতে হবে

চিকিৎসাবিজ্ঞান উন্নত হয়েছে। স্বাস্থ্য সম্পর্কে মানুষের সচেতনতা বাড়ছে। ফলে বাড়ছে মানুষের গড় আয়ু। বাড়ছে বয়োবৃদ্ধ বা প্রবীণ মানুষের সংখ্যা।

যত দিন যাবে এই সংখ্যা বাড়তেই থাকবে। কিন্তু দৃশ্যজনক হলেও সত্য যে একই সঙ্গে বাড়ছে প্রবীণ মানুষের দুর্ভোগ, অসহায়ত্ব ও জীবন-যন্ত্রণা। সম্প্রতি গণমাধ্যমে আসা দুটি খবর বিবেকসম্পন্ন প্রতিটি মানুষের হৃদয়-যন্ত্রণার কারণ হয়েছে।

মিরপুরে এক বাসায় একাকী মরে পড়ে ছিলেন এক মা, যার শরীরে যা হয়ে গিয়েছিল। অচ্য তাঁর দুই ছেলে ঢাকায়ই অত্যন্ত প্রতিষ্ঠিত। মিরপুরেই আরেক ফ্ল্যাট থেকে এক মায়ের অর্ধগলিত মরদেহ উদ্ধার করা হয়েছে, যার শ্মী-সন্তান বিদেশে থাকেন। এমন ঘটনা অহরহ ঘটছে। প্রকাশিত প্রতিবেদনে অনেক প্রবীণের এমনই দুর্দশার করুণ চিত্র উঠে এসেছে। কেউ নিজের বাড়ি বা ফ্ল্যাটে একা থাকেন। কেউ প্রবীণনিবাসের ছোট কুঠির চার দেয়ালে বন্দি হয়ে মৃত্যুর অপেক্ষা করছেন। অনেকে সন্তান-স্বজনদের দেখা পানেনও

এমন আশাও ছেড়ে দিয়েছেন। আবার যাদের নিজের সংগতি কম, প্রবীণনিবাসের খরচ আর্থানোর ক্ষমতা নেই, তাদের কী অবস্থা? প্রতিনিয়ত লাঞ্ছনা-গঞ্ছনা সহ্য করে সন্তানের সংসারে মুখ ঝুঁজে কোনো রকমে পড়ু থাকতে হয়। মৃত্যু কেন আসে না বলে আক্ষেপ করতে হয়। অনেকের অবস্থা হয় আরো খারাপ। নিকট অতীতে বৃদ্ধ মা-বাবাকে ঘরে কোথাও রান্নার ধারে বা জঙ্গলে ফেলে আসার মতো ঘটনাও ঘটেছে। বাংলাদেশে প্রবীণ হিতৈষী সংঘ ও জরাজীর্ণ প্রতিষ্ঠানের (বাইগাম) মহাসচিব বীর মুক্তিযোদ্ধা মো. ইজোজার রহমান বলেন, 'চাওনে যারা আসেন, ব্যয় হয়েই আসেন। পরিবারের লোকজন এসে দেখা করে যায়। কিন্তু দিনশেষে তারা একাকী। এটাই বাস্তবতা। তাদের একেকজনের একে ধরনের কর'। তিনি জানান, ঢাকাসহ সারা দেশে তাদের মোট ৯২টি শাখায় ১০ থেকে ১২ হাজার প্রবীণ থাকেন। প্রবীণ হিতৈষী লেখক ও সংগঠক রহমান আলী বলেন, 'আগে প্রবীণদের আড্ডা দেওয়ার জায়গা ছিল। গল্প করতে পারতেন। এখন অহেলের জীবন চার দেয়ালে আটকে গেছে।' ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্রিনিকাল সাইকোলজি বিভাগের অধ্যাপক কামাল উদ্দিন আহমেদ চৌধুরী বলেন, 'সময় তত যাবে, দেশে প্রবীণের সংখ্যা তত বাড়বে। তবে এখন সেহেতু যৌথ পরিবারের সংখ্যা কমে যাচ্ছে, সেহেতু স্বাভাবিকভাবেই প্রবীণদের একাকিত্ব বাড়ছে। নিঃসঙ্গতার ফলে তাদের মধ্যে মৃত্যুভয়, বিষণ্ণতা, মেজাজ খিটখিটে হওয়াসহ নানা শারীরিক ও মানসিক রোগ দেখা দেয়।' মা-বাবার ভরণ-পোষণের বিষয়ে আইন আছে, কিন্তু আইনের বাস্তবায়ন নেই। আর যেখানে পারিবারিক বন্ধন, ভালোবাসা, মানবিকতা হারিয়ে যাচ্ছে সেখানে আইন কতটুকুই বা করতে পারবে! রাষ্ট্র ও সমাজকে বিষয়টি নিয়ে ভাবতে হবে। পদক্ষেপ নিতে হবে। আনন্দময় শৈশবের মতোই আনন্দময় বার্ধক্য নিশ্চিত করতে হবে।

খাল রক্ষা ও বর্জ্য ব্যবস্থার আধুনিকায়ন

আ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন। মতবিনিময় সভায় অংশ নিয়ে পরিকল্পনা আদোলন ও নাগরিক সমাজের প্রতিনিধিরা বলেন, এক সময়ের খালের শহর বরিশাল আজ তার নিজস্ব রূপ ও অস্তিত্ব হারাতে বসেছে। একদিকে অপরিচালিত বর্জ্য অপসারণ ব্যবস্থার কারণে চারপাশ দূষিত হচ্ছে, অন্যদিকে ভূগর্ভস্থ পানির স্তর আরো খালের কারণে নিচে নেমে যাওয়ায় ভবিষ্যতে তীব্র সুপেয় পানির সংকটের ঝুঁকি তৈরি হচ্ছে। এই বিষয়টি রোধ করতে হলে শুধু প্রশাসন নয়, সিটি কর্পোরেশন, জেলা প্রশাসন ও নাগরিক সমাজকে একযোগে রাজপথে ও ক্ষেত্রেতে জরোলাে ভূমিকা পালন করতে হবে। বিশেষ করে, শহরের প্রাণ বলে পরিচিত খালগুলোর স্বাভাবিক প্রবাহ ফিরিয়ে আনা এখন সময়ের সবচেয়ে বড় দাবি। উপস্থিত নাগরিক প্রতিনিধিদের প্রতিটি সমস্যা এবং পরিবেশ রক্ষায় দেয়া নানামুখী পরামর্শ মনোযোগ দিয়ে আনিয়ে বিসিসি প্রশাসক আ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন। তিনি উপস্থিত সকলের মতামত গুরুত্বের সাথে বিবেচনা করে বলেন, “বরিশালকে একটি পরিবেশবান্ধব, পরিষ্কন্ন ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য নিরাপদ বাসযোগ্য নগরী হিসেবে গড়ে তুলতে সিটি কর্পোরেশন বদ্ধপরিকর। নাগরিক সমাজের এই পরামর্শগুলো আমলে নিয়ে দ্রুত কার্যকর ও দৃশ্যমান পদক্ষেপ গ্রহণ করা হবে।” উক্ত নীতি-নির্ধারণী সভায় সরকারি কর্মকর্তা ও পরিবেশবাদী সংগঠনের শীর্ষ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। বিসিসির পক্ষ থেকে উপস্থিত ছিলেন প্রধান প্রকৌশলী মো. হুমায়ুন কবির ও নির্বাহী প্রকৌশলী মো. মকসুম হাকিম রোজ। জেলা প্রশাসনের পক্ষে অংশ নেন সহকারী কমিশনার মো. সফিক ও মো. গোলাম কিবরিয়া। এছাড়া জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের (উচএউ) নরুশাকার মো. পারভেজ খান, সেইন্ট বাংলাদেশের পরিচালক জাহাঙ্গীর কবির, পরিবেশ আন্দোলনের সভাপতি বীর মুক্তিযোদ্ধা কেএসএম মহিউদ্দিন মানিক (বীর প্রতীক) এবং সবুজ আন্দোলনের আহ্বায়ক কাজী মিজানুর রহমানসহ নগরীর বিভিন্ন শ্রেণি-পেশার সচেতন নাগরিকবৃন্দ সভায় উপস্থিত থেকে তাদের মূল্যবান মতামত তুলে ধরেন।

দখল আর দৃষণে বিলীনের

একজন বাসিন্দা বলেন, ‘খালগুলো নষ্ট হওয়াতে কি হয়েছে, আমাদের বরিশালে কিন্তু জলাবদ্ধতা। একটু বৃষ্টি হলেই দেখছেন সব জায়গায় পানি জমে আছে।’ খালগুলোর স্থায়ী সুরক্ষার জন্য দীর্ঘমেয়াদি মহাপরিচল্পনা হাতে নিয়েছে সিটি করপোরেশন প্রশাসক আ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন বলেন, ‘এ প্রজেক্টটা যদি একদেকের মিটিয়ে পাস হয়ে আসে, আমি মনে করি যে বরিশানে দীর্ঘমেয়াদী খাল রক্ষা বা খালের সৌন্দর্য বা বরিশালের মানুষ এই সুবিধাটা পাবে এই প্রজেক্টের মাধ্যমে।’ ব্রিটিশ শাসনামলে এ অঞ্চলে ১০৮ টি খালের অস্তিত্ব ছিলো। পরবর্তীতে ১৯৭১ সালে বাংলাদেশ স্বাধীন হওয়ার পর বরিশালে ২২ থেকে ২৩টি খালের অস্তিত্ব পাওয়া যায়।

দরিদ্র দেশগুলোতে খাদ্যসংকট

দামও বেড়েছে। একই সঙ্গে উপসাগরীয় অঞ্চল থেকে সার পরিবহন ব্যাহত হওয়ায় সুদানের মতো দেশে কৃষি উৎপাদনও ক্ষতিগ্রস্ত হচ্ছে। এসব চাপ এমন এক সময়ে আসছে যখন ডব্লিওএফপি গুরুতর অর্থসংকটে ভুগছে। ঋড় বলেন, অনেক জায়গায় আমরা এর মধ্যেই ক্ষুধার্তদের কাছ থেকে খাবার নিয়ে আরও বেশি অনাহারগ্রস্তদের দিচ্ছি। সরকারি অনুদানের ওপর নির্ভরশীল সংস্থাটি সাম্প্রতিক বছরগুলোতে উল্লেখযোগ্য অর্থায়ন হ্রাসের মুখে পড়ছে। এর মধ্যে সবচেয়ে বড় দাতা যুক্তরাষ্ট্রের অনুদানও কমেছে। ২০২৬ সালে যুক্তরাষ্ট্রের অর্থায়ন দাড়িয়েছে প্রায় ৭৩১ মিলিয়ন ডলারে যেখানে ২০২৪ সালে তা ছিল ৪ বিলিয়ন ডলারেরও বেশি। ঋড় আরও বলেন, বিশ্বের দরিদ্রতম দেশগুলোতে খাদ্যের দাম যত ২০-৩০ শতাংশ বেড়ে যায়, তাহলে মানুষ ব্যাধ হয়ে ২০-৩০ শতাংশ কম খাবার খায়। মার্চ মাসে সতর্কবার্তা দিয়ে ডব্লিওএফপি জানিয়েছিল যে, যদি তাদের দাম ব্যারেলপ্রতি ১০০ ডলারের ওপরে থাকে তাহলে আরও ৪ কোটি ৫০ লাখ মানুষ তীব্র ক্ষুধার মুখে পড়তে পারে। ঋড়ের মতে, এর প্রভাব আরও মধ্যেই শ্রীলংকা, সোমালিয়া এবং আফগানিস্তানে স্পষ্ট হচ্ছে। তিনি বলেন, যদি হ্রস্বজ প্রণালি আগামীকালই খুলে দেওয়া হয় তবুও পরিষ্টিত বাস্তবিক হতে সময় লাগবে। ঋড়ের ভাষায়, আগের অবস্থা পুনরুদ্ধারে সময় লাগবে। আমরা জানি এই সংঘাত শেষ হবে এবং প্রণালিটি দ্রুত খুলে যাবে। তবে এটা স্পষ্ট যে, এই সংকটের দাঙ্কা

সামলাতে এবং সবচেয়ে ঝুঁকিপূর্ণ মানুষদের রক্ষা করতে ধনী দেশগুলোকেও এগিয়ে আসতে হবে।

ইপিআই টিকা, যক্ষ্মা-এইডসের

সেবায় ব্যবহৃত টিকা ও ওষুধ ক্রয়ে মোট ৪৬৩ কোটি ৪৪ লাখ ৫৭ হাজার ২০ টাকার চারটি ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। বুধবার (১০ জুন) সচিবালয়ে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত কমিটির বৈঠকে এসব প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। বৈঠক সূত্রে জানা গেছে, মাঠ পর্যায়ে ইপিআই কার্যক্রম অব্যাহত রাখতে ২০২৫-২৬ অর্থবছরের জন্য অবশিষ্ট ৫০ শতাংশ রুটিন ইপিআই ভ্যাকসিন সংগ্রহের প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। এর আওতায় আন্তর্জাতিক বিশেষায়িত সংস্থা ইউনিসেফের মাধ্যমে সরাসরি ক্রয় পদ্ধতিতে সাত ধরনের ভ্যাকসিন কেনা হবে। এ খাতে ব্যয় হবে ৪১২ কোটি ৭১ লাখ ৪৫ হাজার ৭৫৫ টাকা। এই অর্ধে মোট ৭৭ লাখ ৯৫ হাজার ৬৩৬ ভায়াল ভ্যাকসিন সংগ্রহ করা হবে। ভ্যাকসিনগুলোর উৎপাদনকারী দেশ হচ্ছে জাপান, ডেনমার্ক, ভারত, বুলগেরিয়া, ইন্দোনেশিয়া, বেলজিয়াম এবং দক্ষিণ কোরিয়া। এর আগে একই অর্থবছরের চাহিদার ৫০ শতাংশ ভ্যাকসিন ৪১৯ কোটি ৯৭ লাখ ৬৯ হাজার ৮২৪ টাকায় ইউনিসেফের মাধ্যমে ক্রয় করা হয়েছিল। এছাড়া জাতীয় যক্ষ্মা নিয়ন্ত্রণ কর্মসূচির আওতায় ব্যবহৃত অত্যাবশ্যকীয় অ্যান্টি-টিবি ড্রাগস (৪এফটিসি) অতিরিক্ত ক্রয়ের জন্য একটি ত্রিভয়রেশন প্রস্তাব অনুমোদন করা হয়েছে। মের্সর রেনেটা পিএলসির কাছ থেকে অতিরিক্ত ১ কোটি ৭ লাখ ৭৩ হাজার ইউনিট ওষুধ সংগ্রহ করা হবে। এজন্য মূল চুক্তির অতিরিক্ত ১৫ কোটি ৫১ লাখ ৩১ হাজার ২০০ টাকা ব্যয় হবে। এতে সংশোধিত চুক্তিমূল্য বেড়ে দাঁড়াবে ৯৩ কোটি ৭ লাখ ৮৭ হাজার ২০০ টাকা। সভায় যক্ষ্মা রোগ নির্ণয়ের জন্য জরুরি জিনসএক্সপার্ট কাউন্সিল অতিরিক্ত ক্রয়ের অনুমোদন দেওয়া হয়। ইউনাইটেড ন্যাশনাল অফিস ফর প্রজেক্ট সার্ভিসেস (ইউএনওপিএস)-এর কাছ থেকে অতিরিক্ত ২ লাখ ৯৬ হাজার ৪০০ কাউন্সিল সংগ্রহ করা হবে। এ খাতে অতিরিক্ত ব্যয় হবে ৩১ কোটি ৬৯ লাখ ৬৩ হাজার ৯৫৫ টাকা। এটা সংশোধিত চুক্তিমূলকভাবে দাঁড়াবে ১৯০ কোটি ১৭ লাখ ৮৪ হাজার ২৭৭ টাকা। এদিকে জাতীয় এইচআইভি/এইডস কর্মসূচির আওতায় রোগীর সংখ্যা বৃদ্ধি এবং সন্ধ্যা ওষুধ সংকট এড়াতে অ্যান্টি-রেট্রোভাইরাল ওষুধ অতিরিক্ত ক্রয়ের প্রস্তাবেও অনুমোদন দেওয়া হয়েছে। মের্সার এস এস সাইটিক্রিক কর্পোরেশনের কাছ থেকে পাঁচটি আইটেমে ১৯ লাখ ৭৬ হাজার ৭৬০ ইউনিট ওষুধ কেনা হবে। এজন্য মূল চুক্তির অতিরিক্ত ব্যয় হবে ৩ কোটি ৫২ লাখ ১৬ হাজার ১৩০ টাকা। ফলে সংশোধিত চুক্তির মূল্যায়নের দাঁড়াবে ২১ কোটি ১২ লাখ ৯৯ হাজার ৮৭৪ টাকা।

নির্বাচনী দায়িত্বে নিহতদের

কোনো কর্মকর্তা, কর্মচারী বা আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য বড় ধরনের শারীরিক ও আর্থিক ক্ষতির সম্মুখীনদের আর্থিক সহায়তা দেবে নির্বাচন কমিশন (ইসি)। তাদের এবং তাদের পরিবারকে সর্বোচ্চ ৫০ হাজার থেকে শুরু করে ১০ লাখ টাকা পর্যন্ত এককালীন আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে একটি নতুন নীতিমালা জারি করেছে ইসি। সম্প্রতি নির্বাচন কমিশন সচিবালয় থেকে এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করা হয়েছে। নির্বাচন কমিশন সচিবালয় থেকে জারি করা এই নীতিমালার আওতায় নির্বাচনী দায়িত্ব পালনকালে দুর্ভাগ্যের হামলা বা দুর্ঘটনায় কেউ প্রাণ হারালে তার পরিবারকে সর্বোচ্চ ১০ লাখ টাকা এবং আকস্মিক অসুস্থতা বা মৃত্যুর ফলে সর্বোচ্চ ৬ লাখ টাকা পর্যন্ত আর্থিক ক্ষতিবরণ দেওয়া হবে কেন্দ্রে প্রদান করা হয়। আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণার তারিখ থেকে কার্যকর হতে যাওয়া এই নীতিমালার মাধ্যমে দায়িত্ব পালনকারী কর্মকর্তা-কর্মচারীদের যেকোনো আকস্মিক দুর্ঘটনা, অসুস্থহানি বা চিকিৎসার ব্যয়বহুল আর্থিক ক্ষতি কাঙ্ক্ষের উত্তে নিয়ে নির্বাচন কমিশন নিজস্ব বাজেট থেকে এই বড় আয়ের অনুদান নিশ্চিত করবে বলে জানিয়েছে সংস্থাটি। কর্মকর্তারা জানান, ‘নির্বাচনে ও ভোটার তালিকা প্রণয়ন সংক্রান্ত কার্যকমে দায়িত্ব পালনকালে অসুস্থ/গুরুতর অসুস্থ/আহত/গুরুতর আহত কর্মকর্তা/কর্মচারী ও মৃত ব্যাির পরিবারকে আর্থিক সহায়তা/অুদান প্রদান নীতিমালা-২০২৬’ শিরোনামের এই নীতিমালাটি আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণার তারিখ থেকে অনুষ্ঠানিকভাবে কার্যকর হবে। জাতীয় সংসদ নির্বাচনসহ ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি করপোরেশন, উপজেলা পরিষদ ও জেলা পরিষদ নির্বাচনে নিয়োজিত সব কর্মকর্তা-কর্মচারী এবং আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা এই নীতিমালার আওতায় আর্থিক সুবিধার সুবিধাভোগী হবেন। এই নীতিমালার অধীনে অনুদানের হারকে প্রধানত দুটি ভাগে ভাগ করা হয়েছে। প্রথমত, নির্বাচনী দায়িত্ব পালনকালে কোনো কর্মকর্তা বা কর্মচারী যদি দুর্ভাগ্যের হামলা অথবা কোনো দুর্ঘটনায় পতিত হয়ে মৃত্যুবরণ করেন, তবে তার পরিবারকে সর্বোচ্চ ১০ লাখ টাকা আর্থিক অনুদান দেওয়া হবে। একই কারণে কেউ গুরুতর আহত বা স্থায়ীভাবে অক্ষম হলে সর্বোচ্চ ৪ লাখ টাকা, গুরুতর আহত বা সাময়িকভাবে অক্ষম হলে সর্বোচ্চ ২ লাখ টাকা এবং সাধারণ আহতের ক্ষেত্রে আঘাতের ধরন বিবেচনা করে সর্বোচ্চ ৫০ হাজার টাকা পর্যন্ত অনুদান দেওয়া হবে। দায়িত্ব পালনকালে কেউ যদি আকস্মিকভাবে অসুস্থ বা মৃত্যুবরণ করেন, ছাড়া তার পরিবার সর্বোচ্চ ৬ লাখ টাকা অনুদান পাবেন। এ ছাড়া আকস্মিক গুরুতর অসুস্থতা বা স্থায়ী অক্ষমতার জন্য সর্বোচ্চ ৩ লাখ টাকা, সাময়িক অসুস্থতার জন্য সর্বোচ্চ ৫০ হাজার টাকা, হাসপাতালে ভর্তির পর ব্যয়বহুল চিকিৎসার ক্ষেত্রে সর্বোচ্চ ৩ লাখ টাকা এবং সাধারণ চিকিৎসার জন্য হাসপাতালে ভর্তি হলে সর্বোচ্চ ২ লাখ টাকা পর্যন্ত অনুদান প্রদানের বিধান রাখা হয়েছে। ইসি থেকে আরও জানান, নীতিমালায় অনুদান প্রাপ্তির ক্ষেত্রে পরিবারের উত্তরাধিকার নির্ধারণের জন্য অর্থ বিভাগের সর্বশেষ সরকারি কর্মচারী পেশনন সহজীকরণ আদেশ অনুসরণে কথা বলা হয়েছে। যদি মৃত ব্যক্তির একাধিক স্ত্রী থাকে তবে অনুদানের টাকা তাদের মধ্যে সমানভাবে বন্টন করা হবে এবং এ ক্ষেত্রে স্ত্রীদের যৌথভাবে আবেদন করতে হবে। তবে অনুদান পাওয়ার আগে স্বামী বা স্ত্রী পুনরায় বিবাহ বন্ধনে আবদ্ধ হলে এই সুবিধা পাবেন না। মৃত ব্যক্তির কোনো স্বামী বা স্ত্রী জীবিত না থাকলে তার অনূর্ধ্ব ২৫ বছর বয়সী পুত্র বা অবিবাহিত কন্যা, এবং সন্তান না থাকলে পিতা-মাতা এই অনুদানের জন্য আবেদন করতে পারবেন। নাবালক সন্তান থাকলে অভিভাবক নির্ধারণের ক্ষেত্রে পারিবারিক আদালত অরডিন্যান্স ১৯৮৫ প্রযোজ্য হবে। এ ছাড়া অবিবাহিতদের ক্ষেত্রে বাবা-মা বা ভাই-বোন এবং কোনো সন্তান না থাকলে স্বামী বা স্ত্রী অর্বেক এবং বাকি অর্বেক বাবা-মা বা অবিবাহিত ভাই-বোন সম্বন্ধে পাবেন। কোনো উপযুক্ত উত্তরাধিকারী না থাকলে বিবাহিত কন্যাও প্রয়োজনীয় প্রমাণসহ আবেদন করতে পারবেন।

পুশ-ইন ও সীমাহত

প্রতিবাদ সমাবেশ করবে ১১ দলীয় ঐক্য। এছাড়া সারাদেশে খুন, ধর্ষণ ও আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির প্রতিবাদে আগামী ১৫ জুন রাজধানীর শাহবাগের হাদী চত্বরে বিক্ষোভ করবেন তারা। বুধবার (১০ জুন) দুপুরে রাজধানীর মগবাড়ারে জামায়াতের কেন্দ্রীয় কার্যালয়ে ১১১ দলের উদ্যোগে আয়োজিত সংবাদ সম্মেলনে এই কর্মসূচির যোগাা দেন এন্ডেক্সর লিয়াজ্জী কমিটির সমন্বয়ক ও জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ। তিনি আরও বলেন, গ্নেরকার অতীতের ফ্যাসিবাদী কায়দায় দেশ পরিচালনা করছে। ১৭এ সরকার সংস্কার চায় না; তাদের কর্মে প্রমাণিত হয়েছে। একই সঙ্গে

প্রতীবোধী দেশ বাড়়াবাড়ি করে যাচ্ছে। তিনি বলেন, গ্সীমাতে হতাা স্বাধীনতা সার্বভৌমত্বের জন্য মারাত্মক হুমকি। সীমাতে গত তিন মাসে ৫০ এর অধিক পুশ-ইনের চেষ্টা করেছে ভারত। গত ১০০ দিনে ভারতীয় বাহিনীর গুলিতে ১৯ জন নারীসহ বাংলাদেশিকে হত্যা করেছে দেশটি। বাংলাদেশ সরকার এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নিতে বার্য হয়েছে। তিনি অভিযোগ করে বলেন, স্বরষ্ট্রমন্ত্রীর সীমান্ত হত্যা নিয়ে সাম্প্রতিক বক্তব্য জাতীয় নীতির সঙ্গে সাংঘর্ষিক। গ্বকোনো আইন অনুযায়ী সরাসরি গুলির আইন নেই। এটা মানবাধিকারের সুস্পষ্ট লঙ্ঘন। তিনি বলেন, গ্বদেশের স্বাধীনতা সার্বভৌমত্বের ব্যাপারে সদা সজাগ থাকবে বিরোধীদল। এবং সরকার যেন কোনো ধরনের উদাসীনতার পরচিঁয় না দেয় সে ব্যাপারে জনগণকে সজাগ থাকতে হবে। এসময় গ্নসরকারকে নতজানু পররস্ট্রনীতি থেকে বেরিয়ে আসার আহ্বান জানান। এসময় এনসিপির মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন, আমি সীমান্ত এলাকায় ঘুরেছি, দেখেছি মানুষের কত কষ্ট। আমি দেখে এসেছি সীমাতে সরকারের ভূমিকা অগ্রহুত। সরকারকে বিজিবিকে শক্তিশালী করতে হবে। সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন ১১ দলের শীর্ষ নেতারা।

বিরোধী দলের এলাকাতেও

সদস্যদের মতো বিরোধী দলের সংসদ সদস্যদের এলাকাতেও সমানভাবে উন্নয়ন কাজ করা হবে। একইসঙ্গে গঠনমূলক সমালোচনা থাকলে সরকার তা গ্রহণ করবে বলেও জানান তিনি। বুধবার বিকেলে ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় ও প্রথম বাজেট অধিবেশনের চতুর্থ দিনে সম্পূরক প্রশ্নের উত্তরে বিরোধীদলীয় এসব কথা বলেন। অধিবেশনে সভাপতিত্ব করেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ রীি বিক্রম। সংসদে ব্যারিস্টার মীর আহমদ বিন কাসেমের এক সম্পূরক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী সংরক্ষিত আসনের নারী সংসদ সদস্যদের এলাকার উন্নয়ন ও কর্মপরিধি নিয়ে কথা বলেন। সরাসরি নির্বাচিত সংসদ সদস্যদের নির্দিষ্ট আসন থাকলেও নারী সংসদ সদস্যদের সংখ্যানৈ বা আইনে নির্দিষ্ট কোনো আসন নেই। তবে রায়চন্দ্রিক বা সাংগঠনিক কাঠামোর ভিত্তিতে দলীয় অবস্থান থেকে তাদের কাজের জন্য কিছু জায়গা নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। এলাকার উন্নয়নে সরাসরি নির্বাচিত জনপ্রতিনিধি এবং নারী সংসদ সদস্য উভয়েরই কাজ করার অধিকার রয়েছে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, ‘উন্নয়নের বিষয়ে সরকারি নিয়মানুযায়ী আমরা এগোছি। আপনার এলাকার উন্নয়নের বিষয়ে আমরা সহযোগিতা করার কিছু থাকলে জানাবেন, আমি সরাসরি সহযোগিতা করার চেষ্টা করব।’ পরবর্তীতে সংসদ সদস্য আনিছুর রহমানের এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী দেশের সুখম উন্নয়ন এবং বিরোধী দলের প্রতি সরকারের সহযোগিতার দৃষ্টিভঙ্গি তুলে ধরেন। স্পিকারের নেতৃত্বে অনুষ্ঠিত একটি বৈঠকের প্রসঙ্গ টেনে প্রধানমন্ত্রী বলেন, ‘কয়েকদিন আগে সংসদ কীভাবে চলবে সে বিষয়ে কমিটির একটি বৈঠক ছিল। সেখানে বিরোধীদলীয় নেতাও ছিলেন। তিনি উল্লেখ করেছিলেন যে, ঈদের আগে সরকারের (এলজিইডি) পক্ষ থেকে দেওয়া কিছু সহযোগিতা হয়তো বিরোধীদলীয় অনেক সংসদ সদস্য পাননি। আমি ওই ঠেক থেকে বেরিয়েই এলজিইডি মন্ত্রী ও প্রতিমন্ত্রী উভ্যকেই সঙ্গে সঙ্গে নির্দেশনা দিয়েছিলাম, বিরোধীদলীয় কোনো সংসদ সদস্য যদি না পেয়ে থাকেন, তবে যাতে দ্রুত সেই ব্যবস্থা নেওয়া হয়।’ তারেক রহমান বলেন, ‘বর্তমান সরকার দেশের সম-উন্নয়নে বিশ্বাস করে। সরকারি দলের সংসদ সদস্যরা যেভাবে এলাকার উন্নয়ন করবেন, ঠিক একইভাবে সরকারের সম্পূর্ণ সহযোগিতা থাকবে বিরোধীদলীয় সদস্যবৃন্দ যারা আহে, তাদের এলাকাতেও। আমরা সমানভাবে কাজ করার চেষ্টা করব।’ সরকারের পক্ষ থেকে উন্নয়ন সহযোগিতা দেওয়ার পরেও সরকারি দলের বিরুদ্ধে যেসব অপপ্রচার হয়, সেগুলো বন্ধ করিবার দলের সঙ্গে কোনো আলোচনা হবে কি না সাংদান অনিসুর রহমান এমনটি জানতে চাইলে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বলেন, ‘আমরা মনে করছি এই বিষয়ে আমাদের আরও অপেক্ষা করতে হবে। সেবেমাত্র শুরু হলো, লেট আস ওয়েট অ্যান্ড সি।’ এরপর প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, ‘এই সরকার জনগণের দ্বারা নির্বাচিত, গণতন্ত্রে বিশ্বাসী এবং জনগণের কাছে জবাবদিহিমূলক একটি সরকার। কাজেই যদি গঠনমূলক কোনও সমালোচনা থাকে, অবশ্যই সেটি আমরা গ্রহণ করব এবং সেভাবে আমরা পদক্ষেপ নেব।’

বাউফলে ‘ছাত্র সংগঠনের কর্মীদের’

পরিচতনের পর তিনি উপজেলা ছাত্রদলের সভাপতি আব্দুল্লাহ আল ফাহাদের অনুসারী হিসেবে পরিচিত। স্থানীয়রা এও দাবি করছেন, ওই ভিডিওতে যাদের দেখা গেছে, তারা সবাই ছাত্রদলের কর্মী। তবে বিষয়টি এখন পশ্চাৎ স্বাধীনভাবে যাচাই করা সম্ভব হয়নি। কে বা কীভাবে ভিডিওটি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে দিয়েছে সেটিও নিশ্চিত হওয়া যায়নি। এ ঘটনায় সাজিদ নামে যে তরুণের নাম উঠে এসেছে তার সঙ্গে যোগাযোগ করেও তার কোনো বক্তব্য পাওয়া যায়নি। বিষয়টি নিয়ে স্থানীয় ছাত্রদল নেতাদের সঙ্গে কথা বলার চেষ্টা করা হয়। নেতাদের একজন নাম না প্রকাশের শর্তে বলেন, ছাত্র রাজনীতির সঙ্গে জড়িতদের এমন অনৈতিক কর্মকাণ্ড সমাজ ও তরুণ প্রজন্মের ওপর নেতিবাচক প্রভাব ফেলেছে। যেকোনো ছাত্র সংগঠনের নেতাকর্মীদের এমন বিতর্কিত আচরণ থেকে বিরত থাকতে হবে। প্রয়োজনে সংগঠন থেকে কঠোর পদক্ষেপ নেওয়া দরকার। এ বিষয়ে বাউফল উপজেলা বিএনপির আহ্বায়ক তসলিম তালুকদার বলেন, ভিডিওটি আমিও দেখেছি। ছাত্রদেরকে কেউ ভেতে জড়িত থাকলে অবশ্যই সাংগঠনিক ব্যবস্থা নেওয়ার জন্য সুপারিশ করা হবে।

৩০ বছর পর কবর

আদালতে আবেদন করেন। তিনি আবেদনপত্রে উল্লেখ করেন, হাতের প্রকৃত কারণ উদ্‌ঘাটনের সঙ্গে সালমান শাহ’র মরদেহ পুনরায় পরীক্ষা করা প্রয়োজন। আদালত আবেদন মঞ্জুর করার পর প্রয়োজনীয় প্রশাসনিক কার্যক্রম শেষে লাশ উত্তোলন ও ময়নাতদন্ত প্রক্রিয়া সম্পূর্ণ করা হবে বলে জানান। মামলার নথি অনুযায়ী, ১৯৯৬ সালের ৬ সেপ্টেম্বর সকালে সালমান শাহকে নিউ ইঙ্কটন রোডের বাসায় অসুস্থ অবস্থায় পাওয়া গেলে তাকে দ্রুত হাসপাতালে নেওয়া হয়। পরে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন। ওই সময় রক্তনা থানায় একটি অপমৃত্যু মামলা করা হয় এবং সিলেটের শাহজালাল (রহ.) মাজার প্রান্তরে তার মরদেহ দাফন করা হয়। পরে দীর্ঘ তদন্ত ও আইনি প্রক্রিয়ার পর ২০২৪ সালের ২১ অক্টোবর সালমান শাহ’র মামা মো. আলমগীর রমনা থানায় হত্যা মামলা করেন। মামলায় দণ্ডবিধির ৩০২/৩৪ ধারায় একাধিক ব্যক্তিকে আসামি করা হয়েছে। এর মধ্যে রয়েছেন তার স্ত্রী সামীরা হক, শিল্পপতি ও প্রযোজক আজিজ মোহাম্মদ ভাইসহ আরও অনেকে। এর আগে ২০ অক্টোবর ঢাকার ষষ্ঠ অতিরিক্ত মহানগর দায়রা জজ আদালত মামলাটি অপমৃত্যু থেকে পরিবর্তন করে হত্যা মামলা হিসেবে গ্রহণের নির্দেশ দেন। মামলার অভিযোগে বলা হয়, সালমান শাহ’র মৃত্যু ঘিরে সন্দেহজনক পরিস্থিতি, শারীরিক আঘাতের চিহ্ন এবং ঘটনাস্থলের নানা অসঙ্গতি তদন্তের প্রয়োজনীয়তা তৈরি করেছে। তাই মৃত্যুর প্রকৃত কারণ নিশ্চিত করতে পুনরায় ময়নাতদন্তের উদ্যোগ নেওয়া হয়েছে। উল্লেখ্য, ১৯৯৬ সালে সালমান শাহ’র মৃত্যুর পর থেকেই বিষয়টি নিয়ে নানা বিতর্ক ও সন্দেহ জন্মনে আদ্যমান রয়েছে। আদালতের নতুন এই নির্দেশে মামলাটি বিদ্যায় ও আলোচনায় এসেছে এবং চলচ্চিত্র অঙ্গনে নতুন করে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

বরিশালে হাম উপসর্গে

মেডিকেল কলেজ হাসপাতালের সহকারী পরিচালক (অর্থ ও ভাগার) ডা. আব্দুল মুনায়েম সাদ বলেন, ‘বিগত দিনগুলোর চেয়ে হাম সংক্রমণে রোগী ভর্তির সংখ্যা কমেছে। বর্তমানে যেসব রোগীরা হাম উপসর্গে ভর্তি হচ্ছে তাদের চিকিৎসায় কোনো ঘাটতি রাখা হচ্ছে না।’ বরিশাল বিভাগীয় স্বাস্থ্য পরিচালকের কার্যালয়ের তথ্যমতে, জানুয়ারি থেকে অদ্যাবধি বিভাগে হাম উপসর্গ নিয়ে বিভিন্ন হাসপাতালে ৯১৩৫ জন ভর্তি হয়েছিলেন।

রাজধানীতে দুই বাসের রেবারেষিতে

সে সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছে। শাহবাগ থানার উপপরিদর্শক (এসআই) মো. খালেক মিয়া বলেন, দুর্ঘটনার সঙ্গে জড়িত মৌমিতা পরিবহনের বাস দুটি পুলিশি হেফাজতে রাখা হয়েছে এবং একটি বাসের চালককে আটক করা হয়েছে। নিহতের মরদেহ চামেকের মর্গে রয়েছে।

ভোলায় ৪০০ কোটি

দিয়েছেন সিনিয়র আইনজীবী মোহাম্মদ সিদ্দিক উল্লাহ মিয়া। নোটিশে ৪শ কোটি টাকার পাওয়ার ডিস্ট্রিবিউশন প্রজেক্ট চারুর পাশাপাশি দুর্গম অঞ্চল বিশেষ করে সবচেয়ে বড় উপজেলা চরফাশান ও মনপুরা উপজেলায় বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের দাবি জানান। এতে বিবাদী করা হয়েছে জ্বালানি ও বিদ্যুৎ উৎপাদন মন্ত্রণালয়ের সচিব, পত্নী বিদ্যুতায়ন বোরের চেয়ারম্যান, ভোলা পত্নী বিদ্যুৎ সমিতির জিএম, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানির ব্যবস্থাপনা পরিচালকে। আইনজীবী মোহাম্মদ সিদ্দিক উল্লাহ মিয়ার এ নোটিশে বলা হয়, ভোলা দেশের অন্যতম প্রধান প্রাকৃতিক গ্যাস ও বিদ্যুৎ উৎপাদনকারী অঞ্চল হওয়া সত্ত্বেও বর্তমানে চরম ও বৈষম্যমূলক বিদ্যুৎ বিপর্যয়ের শিকার। বর্তমানে তীব্র তানাহ ও গরমে চরমশ ঘটনার সংহতাপ সময়ই পুরো জেলা বিদ্যুৎহীন থাকছে, যা মারেমধ্যে এলেও ৩০ মিনিটের বেশি স্থায়ী হয় না। বিদ্যুৎ কর্তৃপক্ষের এই চরম ব্যর্থতায় জেলার ৫০ লাখ মানুষের জনজীবন, বিশেষ করে জনস্বাস্থ্য, চিকিৎসা সেবা, শিক্ষার্থীদের শিক্ষা জীবন এবং স্থানীয় ব্যবসা-বাণিজ্য সম্পূর্ণ বিপর্যস্ত ও ওষ্ঠাৎত হয়ে পড়েছে। নোটিশ পাবার আগামী ৭ দিনের কোনো সন্তোষজনক জবাব বা দৃশ্যমান কার্যকরী পদক্ষেপ গ্রহণ না করা হলে, জনগণের মৌলিক অধিকার রক্ষার্থে সূত্রিম কোর্টে হাইকোর্ট বিভাগে সংবিধানের ১০২ অনুচ্ছেদ অনুযায়ী জনস্বার্থে রিট পিটিশন দায়ের করা হবে। যার ব্যবতীয় খরচ ও আইন দায়-দায়িত্ব বিবাদীদের ওপর বর্তাবে।

বরিশালে কবি ফররুখ আহমদের

পরিষদ বরিশাল শাখা সভাপতি কবি মুস্তফা হারীব। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশী সাংস্কৃতিক জোট ও বরিশাল জেলা জামাসের আহ্বায়ক এস এম সাবির নেওয়াজ সাগর এবং দেশীয় সাংস্কৃতিক সংসদের বরিশাল অঞ্চল পরিচালক সাংবাদিক আযাদ আল্লাউদ্দীন। সাহিত্য আড্ডায় আলোচকরা মানবতাবাদী কবি ফররুখ আহমদের বর্ষাঢ্য কর্মরায় জীবন নিয়ে আলোচনা করেন।

৪৮ হাজার টাকা

(অতিরিক্ত সচিব) মোহাম্মদ আলমগীর হোসেনের সই করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। নতুন নির্ধারিত এই মূল্য অবিলম্বে কার্যকর হবে। স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক গঠিত বিশেষজ্ঞ পরামর্শক কমিটির সিদ্ধান্ত ও সুপারিশের আলোকে এই মূল্য পুনর্নির্ধারণ করা হয়। বিজ্ঞপ্তিতে মোট ২৯টি আয়ামানিকারক প্রতিষ্ঠানের বিভিন্ন ব্র্যান্ডের হার্টের রিংয়ের পূর্ববর্তী মূল্য এবং নতুন অনুমোদিত মূল্যের তালিকা প্রকাশ করা হয়েছে। তালিকায় দেখা যায়, বেশিরভাগ রিংয়ের দাম পূর্বের তুলনায় ৩ হাজার থেকে শুরু করে সর্বোচ্চ ৪৭ হাজার ৮০০ টাকা পর্যন্ত কমানো হয়েছে। নতুন মূল্য তালিকা প্রকাশের পাশাপাশি দেশের সব কার্ডিয়াক চিকিৎসা সেবা প্রদানকারী হাসপাতালের জন্য ৪টি বিশেষ নির্দেশনা জারি করেছে অধিদপ্তর। সেগুলো হলো- ১. স্টেন্টসমূহের হালনাগাদ মূল্য তালিকা সর্বসাধারণের অবগতির জন্য সংশ্লিষ্ট সব হাসপাতালের নোটিশ বোর্ডে উল্লেখ স্থানে প্রদর্শন করতে হবে। ২. সর্বোচ্চ খুচরা মূল্য অনুসরণ করে রিং ক্রয়-বিক্রয় করতে হবে। এটি কোনোভাবেই চিকিৎসা প্যাকেজের অন্তর্ভুক্ত করা যাবে না। ৩. স্টেন্টের নাম, সর্বোচ্চ খুচরা মূল্য এবং উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম উল্লেখ করে রোগীকে পৃথক ক্যাশমেমো দিতে হবে। ৪. অস্ত্রোপচারের পর ব্যবহৃত স্টেন্টের খালি প্যাকেট ব্যবসায়িকভাবে রোগীকে সরবরাহ করতে হবে। ঔষধ প্রশাসন অধিদপ্তর জানিয়েছে, দেশের সব কার্ডিয়াক হাসপাতালে হার্টের রিং সরবরাহ এবং তা অনুমোদিত সর্বোচ্চ খুচরা মূল্যে বিক্রি হচ্ছে কি না তা কঠোরভাবে মনিটরিং করা হবে।

ইউরোপে পৌছানোর চেষ্টায় সাগরে প্রাণ গেছে ১৩০০ জনের

নীলতমোশা ডেঙ্গ

উন্নত জীবনের স্বপ্নে ইউরোপে পাড়ি দেওয়ার চেষ্টার সময় চলতি বছরের প্রথম পাঁচ মাসে স্পেন উপকূলে ১ হাজার ৩০০ জনেরও বেশি অভিবাসনপ্রত্যাশীর মৃত্যু হয়েছে। বুধবার আটলান্টিক মহাসাগর ও পশ্চিম ভূমধ্যসাগরের বিপজ্জনক পথে আফ্রিকা থেকে পারাপারের বিষয়টি নজরদারি করা মানবাধিকার সংস্থা কমিনান্দো ফ্রোন্তেরাস এই তথ্য জানিয়েছে। পাঁচ এক দশকে অনিয়মিত অভিবাসন ব্যাপকভাবে বৃদ্ধি পাওয়া স্পেনের দীর্ঘপুঞ্জ ক্যানারি দ্বীপে পোপ লিওর সফরের আগে বুধবার কমিনান্দো ফ্রোন্তেরাস এই প্রতিবেদন প্রকাশ করে। প্রতিবেদনে বলা হয়েছে, ২০২৬ সালের প্রথম পাঁচ মাসে স্পেনের উপকূলে পৌছানোর চেষ্টায় ১ হাজার ৩১৭ জন মানুষ প্রাণ হারিয়েছেন। তাদের মধ্যে ১৪২ জন নারী এবং ১২৯ জন শিশু রয়েছে। এছাড়া ২৭টি নৌকা সাগর পাড়ি দিয়ে গিয়ে আরোহীসহ নিখোঁজ হয়ে গেছে। চলতি সপ্তাহে স্পেন সফরকালে অভিবাসনপ্রত্যাশীদের প্রতি ইউরোপের দেশগুলোর আচরণের বিষয়ে কথা বলেছেন পোপ। অভিবাসনপ্রত্যাশীদের দুর্দশাকে এমন এক সমস্যা হিসেবে অভিহিত করেছেন তিনি; যা আন্তর্জাতিক ব্যবস্থার নৈতিক ভিত্তিকে চ্যালেঞ্জ করে। আন্তর্জাতিক বিভিন্ন মানবাধিকার সংস্থা বলছে, ইউরোপের কাছাকাছি থাকা মৌরিতানিয়ার মতো জায়গাগুলোতে পারাপার বন্ধের প্রচেষ্টা জোরদার করায় অভিবাসনপ্রত্যাশীরা কোষ্ট গার্ভ বা নিরাপত্তা বাহিনীর নজরদারি এড়ানো চেষ্টা করছেন। এই চেষ্টার অংশ হিসেবে তারা আটলান্টিক মহাসাগরজুড়ে আরও দীর্ঘ এবং ঝুঁকিপূর্ণ পথ বেছে নিচ্ছে। সংস্থাটি বলেছে, ২০২৫ সালে স্পেনের উপকূলে পৌছানোর চেষ্টায় ৩ হাজার ৯০ জন অভিবাসনপ্রত্যাশী প্রাণ হারিয়েছেন অথবা নিখোঁজ হয়েছেন। ক্যানারি দ্বীপপুঞ্জ এবং পশ্চিম আফ্রিকা উপকূলের মধ্যকার সর্বনিম্ন দূরত্ব প্রায় ১০০ কিলোমিটার (৬২ মাইল)। এছাড়া অভিবাসনপ্রত্যাশী প্রায়ই মরক্কো থেকে স্পেনের মার

বর্ণনামূলক তথ্য

উজিরপুরে দুটি পরিবহনের

পাওয়া যায়নি। দুর্ঘটনার বিষয়ে গৌরনদী হাইওয়ে থানার ওসি মোহাম্মাদ মহসীন বলেন, দুর্ঘটনার খবর পেয়ে তাৎক্ষণিক পুলিশ ও ফায়ার সার্ভিস কর্মীরা ঘটনাস্থলে পৌঁছেন আর তাদের উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন। দুর্ঘটনা কবলিত বাস দুটি আটক করা হয়েছে।

বিশ্বকাপকে স্বাগত জানিয়ে

দাঁড়িয়ে স্থানীয়রাও এ উৎসবমুখর দৃশ্য উপভোগ করেন। সমর্থকদের ভাষা, ফুটবলের প্রতি ভালোবাসা এবং আর্জেটিনা দলের প্রতি গভীর আবেগ থেকেই এ আয়োজন। বিশ্বকাপকে ঘিরে এমন আয়োজন ভবিষ্যতেও অব্যাহত রাখার প্রত্যাশা ব্যক্ত করেন তারা। এ মোটরসাইকেল র‍্যালি রাজপুত্রের ত্রীভ্রাঙ্গেমীদের মাঝে নতুন উদ্দীপনা যোগ করেছে।

চরফ্যাশনে মহাসড়কের পাশে ময়লার

করছেন। ময়লার স্তুপ ছড়িয়ে পড়ে সড়কের ওপরও উঠেছে, ফলে যান চলাচলেও বিয় সৃষ্টি হচ্ছে। কতৃপক্ষের বিষয়টি চোখে পড়লেও না দেখার ভান করছেন। এ পথ দিয়ে নিয়মিত যাতায়াতকারী আনোয়ার শাহাদাত জানান, মহাসড়কের পাশে এ ধরনের ময়লার ভাগাড় পরিবেশের জন্য বড় হুমকি হয়ে দাঁড়িয়েছে। ময়লা- আবর্জনার দুর্গন্ধের কারণে প্রতিদিনই আমাদের চরম ভোগান্তিতে পড়তে হচ্ছে। বাসস্ট্যান্ড এলাকার ডা বিরক্তো আরুণ কালাম জানান, পৌরসভার কর্মীরা দীর্ঘদিন ধরে চরফ্যাশন বাজারের ময়লা এনে এখানে ফেলেছে। এখন এ স্থানটি আবর্জনার স্তুপে পরিণত হয়েছে। মানুষের পথ চলাতে কষ্ট হলেও কোনো সমাধান নেই। কেউই সমাধানে এগিয়ে আসছেন না। নাগরিক সমাজের কয়েকজন প্রতিনিধি জানান, বিষয়টি নিয়ে গত বছর স্থানীয় ও জাতীয় গণমাধ্যমে একাধিকবার প্রতিবেদন প্রকাশিত হলেও এখনো কার্যকর উদ্যোগ নেওয়া হয়নি। ডািশ্পিং স্টেশন স্থাপনের দাবি দীর্ঘদিনের হলেও বাস্তবায়নে অগ্রগতি নেই। চরফ্যাশন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. শোভন বসাক বলেছেন, ময়লা-আবর্জনা থেকে মারাত্মক স্বাস্থ্যঝুঁকি তৈরি হচ্ছে। ইপানি, শ্বাসকষ্টসহ বিভিন্ন রোগের আশঙ্কা রয়েছে। ময়লায় আগুন দিলে ক্ষতিকর গ্যাস ছড়িয়ে দীর্ঘমেয়াদে মানুষের স্বাস্থ্যের ওপর গুরুতর প্রভাব ফেলতে পারে। স্থানীয়দের অভিযোগ, বর্তমানে নির্বাচিত মেয়র না থাকায় দায়িত্বপ্রাপ্ত পৌর প্রশাসকের পক্ষ থেকে কার্যকর কোনো পদক্ষেপ নেওয়া হয়নি। যদিও তিনি নাগরিকদের সঙ্গে মতবিনিময়ে পহেলা বৈশাখ থেকে ময়লা ফেলা বন্ধের আশ্বাস দিয়েছিলেন, বাস্তবে তার প্রতিফলন নেই। পৌরসভার কনজারভেটিব ইনসপেক্টর সোহরাব হোসেন জানান, সড়কের পাশ থেকে অন্যত্র ময়লার ভাগাড় সরিয়ে নেওয়ার চেষ্টা চলছে। এ অবস্থায় পরিবেশ ও জনস্বার্থে দ্রুত ময়লার স্তুপ অপসারণ এবং একটি স্থায়ী ডািশ্পিং স্টেশন নির্মাণের দাবি জানিয়েছেন এলাকাবাসী। অনাথায় এই দুর্গন্ধময় বাস্তবতা আরও তীব্র হয়ে উঠবে বলে আশঙ্কা সংশ্লিষ্টদের।

বাউফলে বুদ্ধি ও দৃষ্টিপ্রতিবন্ধী কিশোরীকে

করে। সম্প্রতি কিশোরী শারীরিকভাবে অসুস্থ হয়ে পড়লে প্রথমে তাকে স্থানীয় বগা বাজারের একটি ডায়াগনস্টিক সেন্টারে নিয়ে যাওয়া হয়। সেখানে সুস্থ না হওয়ায় গুটিয়াখালী সদরের এক প্রসূতি ও গাইনি বিশেষজ্ঞ চিকিৎসকের কাছে নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করানো হয়। পরীক্ষা শেষে চিকিৎসক জানান, ওই প্রতিভা কিশোরী ৯ সপ্তাহের অসুস্থতায়। পূরবর্তীতে পরিবারের লোকজন জিজ্ঞাসাবাদ করলে কিশোরীটি ইশারায় জানায় যে, সাক্ষির খান রাব্বি তাকে মুখ বেঁধে জোরপূর্বক ধর্ষণ করেছে। ঘটনার পর আত্মীয়-স্বজন ও স্থানীয় গণম্যান্য ব্যক্তিদের সাথে আন্দোলন করে থানায় এজাহার দিতে কিছুটা বিলম্ব হয়েছে বলে এজাহারে উল্লেখ করেন বাদী। ৭এই বিষয়ে বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ সিরাজুল ইসলাম জানান, ভিকটিমের অভিযোগের ভিত্তিতে আসামিকে গ্রেফতার করা হয়েছে। বিষয়টি অত্যন্ত গুরুত্বের সাথে দেখা হচ্ছে। ভিকটিমের শারীরিক পরীক্ষা-নিরীক্ষার জন্য আগামীকাল তাকে হাসপাতালে পাঠানো হবে।

দুই সন্তানসহ মায়ের মরদেহ উদ্ধার

ডাকবাংলোর পরিচ্ছন্নতাকর্মী ইতি রাণী (৩৪) ও তার দুই মেয়ে আরাধা বিশ্বাস (১২) এবং অনুরাধা বিশ্বাসের (৩৩) মরদেহ উদ্ধার করে পুলিশ। জেলা পরিষদ ডাকবাংলোর কক্ষ থেকে মা ও দুই মেয়ের মরদেহ উদ্ধারের পরপরই এলাকাজুড়ে চাঞ্চল্যের সৃষ্টি হয়। হত্যা নাকি আত্মহত্যা এ নিয়ে বিভিন্ন মহলে চলে বিভিন্ন ধরনের আলোচনা। তবে মরদেহগুলো উদ্ধারের পরপরই ঘটনাস্থল পরিদর্শন শেষে সিসিটিভি ফুটেজসহ বিভিন্ন জালামাত দেপে দুই মেয়েকে হত্যার পর মা নিজে আত্মহত্যা করেছেন বলে প্রাথমিকভাবে থানায় পুলিশ। পরবর্তীতে এ ঘটনায় পুলিশের পক্ষ থেকে খানায় অপমৃত্যুর একটি মামলা করা হলেও তাদেরকে হত্যা করা হয়েছে বলে অভিযোগ করেন নিহতদের পরিবারের সদস্যরা। এছাড়াও ঘটনার সূচ্য তদন্ত ও বিচারের দাবিতে ৪ জন বিকলে দাবিরা পৌরশহরে একটি বিক্ষোভ মিছিল এনে মানববন্ধন কর্মসূচিও পালন করা হয়। পাশাপাশি হাসপাতাল থেকে মরদেহের ময়নাতদন্ত শেষে নিয়ে যাওয়ার পথেও মরদেহ নিয়ে বিক্ষোভ মিছিল করেন স্বজনসহ উপস্থিত জনগণ। নিহত পরিচ্ছন্নতাকর্মী ইতি রানীর স্বামী দুলাল চন্দ্র বিশ্বাস ঢাকা পোস্টকে বলেন, রাতে অজ্ঞাতনামা আসামি করে খানায় মামলা করেছে। এরা আগে খানায় মামলা করতে গেলে অন্য আরেকজনকে মামলার বাদী হতে বলেন। আদালতে গেলেও মামলা নিহত চায়নি। এ বিষয়ে বরগুনা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ আব্দুল আলীম ঢাকা পোস্টকে বলেন, দুই সন্তানসহ মায়ের মরদেহ উদ্ধারের ঘটনায় নিহত ইতি রানীর স্বামী দুলাল চন্দ্র বিশ্বাস বাদী হয়ে মামলা করেছেন। মামলার বিষয়ে তদন্ত চলমান রয়েছে।

বাংলাদেশের জিডিপি ৫০০

আকার ছিল ৫৫ লাখ ১৫ হাজার ২৬ কোটি টাকা বা ৪৫৬ বিলিয়ন ডলার। অর্থাৎ, এক অর্ধবছরের ব্যবধানে জিডিপির আকার বেড়েছে ৪৫ বিলিয়ন ডলার। বুধবার (১০ জুন) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) প্রকাশিত জিডিপির সাময়িক হিসাবে এ তথ্য জানানো হয়েছে। বিবিএস জানায়, ২০২৫-২৬ অর্ধবছরে প্রবৃদ্ধি সাময়িকভাবে ৪ দশমিক ১৪ শতাংশে দাঁড়িয়েছে, যা আগের অর্ধবছরের ৩ দশমিক ৪৯ শতাংশের তুলনায় কিছুটা বেশি। তবে বিনিয়োগ ও সম্পদে নিম্নমুখী প্রবণতা লক্ষ্য করা গেছে। খাতভিত্তিক প্রবৃদ্ধিতে দেখা যায়, কৃষি খাতে ইতিবাচক ধারা অব্যাহত রয়েছে। ২০২৫-২৬ অর্ধবছরে এ খাতে প্রবৃদ্ধি দাঁড়িয়েছে ২ দশমিক ৭৮ শতাংশ, যা আগের বছরের ২ দশমিক ৪২ শতাংশের তুলনায় দশমিক ৩৬ শতাংশ বেশি। অন্যদিকে, শিল্প খাতে প্রবৃদ্ধির গতি কমেছে। সাময়িক হিসাবে শিল্প খাতের প্রবৃদ্ধি দাঁড়িয়েছে ২ দশমিক ৮৬ শতাংশ, যা ২০২৪-২৫ অর্ধবছরের ৩ দশমিক ৭১ শতাংশের তুলনায় দশমিক ৮৫ শতাংশ কম। সেবা খাতে প্রবৃদ্ধি কিছুটা বেড়েছে। ২০২৫-২৬ অর্ধবছরে এ খাতে প্রবৃদ্ধি দাঁড়িয়েছে ৪ দশমিক ৫৯ শতাংশ, যা আগের অর্ধবছরের ৪ দশমিক ৩৫ শতাংশ থেকে দশমিক ২৪ শতাংশ বেশি। তবে জিডিপির সঙ্গে বিনিয়োগের অনুপাত কমে দাঁড়িয়েছে ২৭ দশমিক ৯৩ শতাংশ, যা আগের বছর ছিল ২৮ দশমিক ৫৪ শতাংশ। একইভাবে দেশজ সঞ্চয় কমে ২১ দশমিক ৮৮ শতাংশ এবং জাতীয় সঞ্চয় কমে ২৬ দশমিক ৯৩ শতাংশে নেমে এসেছে।

সারাদেশে চিকিৎসকের

হোসেন। বুধবার (১০ জুন) জাতীয় সংসদে যশোর-৪ আসনের সংসদ সদস্য মো. গোলাম রহুলের এক প্রশ্নের জবাবে মন্ত্রী এই তথ্য জানান। স্বাস্থ্যমন্ত্রী বলেন, দেশের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সগুলোতে চিকিৎসকদের ১৩ হাজার ২১১টি পদের মধ্যে সাত হাজার ৪২৯টি পূরণকৃত পদ ও পাঁচ হাজার ৭৮২টি শূন্যপদ। নার্সদের তিন হাজার ১৮৬ পদের ভেতর দুই হাজার ১২০টি পদ পূরণকৃত এবং শূন্যপদ এক হাজার ৬৬টি। তিনি আরও বলেন, দেশের ইউনিয়ন উপ-স্বাস্থ্যকেন্দ্রগুলোতে চিকিৎসকদের এক হাজার ৩১৪ পদের মধ্যে ৬৪৪টি পূরণকৃত ও ৬৭০টি শূন্যপদ। মিডওয়াইফের এক হাজার ৩১২টি পদের মধ্যে ৭৪৬টি পূরণকৃত এবং শূন্যপদ ৪৬৬টি। অন্য কর্মচারীদের মোট দুই হাজার ৬২৭টি পদের ভেতর এক হাজার ৬৮২টি পদ পূরণকৃত এবং শূন্যপদ ৯১৫টি। সব ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসকদের তিন হাজার ১৬৭টি পদের মধ্যে এক হাজার ৪৬০টি পূরণকৃত ও এক হাজার ৭০৭টি শূন্যপদ। শূন্যপদে দ্রুত নিয়োগ দেওয়া হবে জানিয়ে মন্ত্রী বলেন, শূন্যপদে জনবল নিয়োগে একটি চলমান প্রক্রিয়া, যার অংশ হিসেবে ৪৫তম বসিএসে ৪৫০, ৪৬তম বসিএসে এক হাজার ৬৮২, ৪৭তম বসিএসে এক হাজার ৩৩১ ও ৫০তম বসিএসে ৬৫০ জন সহকারী সার্জন নিয়োগ প্রক্রিয়াধীন। মন্ত্রী আরও জানান, সিনিয়র স্টাফ নার্সের শূন্যপদ পূরণের লক্ষ্যে সরকারি কর্ম কমিশনের মাধ্যমে নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বর্তমান সরকারের নির্বাচিত ইশতহাফ অনুযায়ী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন অতিক্রম এক লাখ স্বাস্থ্যকর্মী নিয়োগ দেওয়া হবে।

দশমিনায় হাত-পা বাঁধা গৃহবধূ

স্ত্রী। স্থানীয় সূত্রে জানা যায়, বুধবার সকালে চরহািনসাবাদ এলাকা দিয়ে একটি টমটমে হাত-পা বাঁধা অবস্থায় লিপি বেগমকে নিয়ে যাচ্ছিলেন তার স্বামী শাহজামাল ও শ্বশুর মোসলেম মুখা। এ সময় লিপি বেগম চিকার করলে আশপাশের দোকানদার ও স্থানীয় লোকজন ঘটনাস্থলে হুটে আসেন এবং টমটমটি থামান। প্রত্যক্ষদর্শীদের দাবি, স্থানীয়রা বাধা তিনে শাহজামাল ও তার বাবা তাদের সঙ্গে বাকবিতণ্ডায় জড়িয়ে পড়েন এবং মামলা-হামলার ভয়ভীতি দেখান। একপর্যায়ে উত্তেজনা ছড়িয়ে পড়লে স্থানীয়রা লিপি বেগমকে উদ্ধার করে হাসপাতালে পাঠান এবং শাহজামাল ও মোসলেম মুখাকে আটকে রেখে পুলিশে খবর দেন। পরে পুলিশ মলে তাদের রেফজতে নেয়। স্থানীয় কয়েকজন জানান, তারা দীর্ঘদিন ধরে লিপি বেগমের ওপর পারিবারিক নির্বাতনের খান্না দেখে আসছেন। তাদের অভিযোগ, শাহজামালের বড় ভাই নুরুজ্জামান ভোলা জেলায় পুলিশে কর্মরত থাকায় তার প্রভাব খাটিয়ে পরিবারটি এলাকায় ভয়ভীতি প্রদর্শন করতে তাকে এই ঘটনাজালাবাসীর দাবি, ঘটনাটির নিরপেক্ষ তদন্ত করে প্রকৃত সত্য উদ্‌ঘাটন করতে হবে এবং দোষীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিতে হবে। একই সঙ্গে ভুক্তভোগী নারীর নিরাপত্তা নিশ্চিত করারও আহ্বান জানিয়েছেন তারা। ঘটনায় আহত হেলাল মুখা বলেন, লিপি বেগমকে দীর্ঘদিন ধরে নির্বাতন করা হয়ে চিহ্নিল। সকালে কতে হাত-পা বেঁধে নিয়ে যাওয়ার সময় আমি বাধা দিতে গেলে শাহজামাল ও তার বাবা আশপাশের একটা মাড়র ধরে নিয়ে আমির হাসপাতালে ভর্তি হই। ঘটনার সূচ্য তদন্ত ও বিচার চাই।" ভুক্তভোগী গৃহবধূ লিপি বেগম জানান,আমার স্বামী দ্বিতীয় বিয়ে করার পর থেকেই তার ওপর নির্বাতন বেড়ে যায়। আমার দুই ছেলে ও তিন মেয়ে নিয়ে অনেক কষ্টে জীবনযাপন করি। স্বামী দ্বিতীয় বিয়ে করার পর শ্বশুরবাড়ির লোকজন আমাকে শারীরিক ও মানসিকভাবে নির্বাতন করে আসছে। আমার ভাসুর পুলিশে চাকরি করেন বলে তার ক্ষমতার ভয় দেখিয়ে আমার পরিবারকে দূরে রাখা হয়েছে। তিনি আরও বলেন, বুধবার সকালে আমাকে মাড়র করার পর হাত-পা বেঁধে টমটমে করে কোথাও নিয়ে যাওয়া হচ্ছিল। আমি চিৎকারে লোকজন স্থানীয় লোকজন এগিয়ে এসে আমাকে উদ্ধার করেন। আমি এই ঘটনার সূচ্য বিচার চাই। অভিযুক্ত শাহজামাল বলেন, আমি দুটি বিয়ে করেছি। লিপি আমার প্রথম স্ত্রী। পারিবারিক বিভিন্ন বিষয় নিয়ে আমাদের মধ্যে দীর্ঘদিন ধরে বিরোধ চলছে। বিষয়টি নিয়ে একাধিকবার সালিশও হয়েছে। তবে তাকে নির্বাতনের অভিযোগ সঠিক নয়। শ্বশুর মোসলেম মুখা বিষয়টি অস্বীকার করে বলেন, আমার পুত্রবধূকে কোনো ধরনের শারীরিক বা মানসিক নির্বাতন করা হয়নি। আমাদের বিরুদ্ধে আনা অভিযোগ সম্পূর্ণ মিথ্যা। দশমিনা পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, ঘটনাটি তদন্ত করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

বোরহানউদ্দিনে হত্যা মামলার

দেউলা ইউনিয়নের ছোট পাতা গ্রামে বাড়ি থেকে ডেকে নিয়ে মো. মাইমুদ্দিনকে দশপথেভাবে কুপিয়ে হত্যা করা হয়। এই ঘটনায় মাইমুদ্দিনের পিতা মো. নেছারউল্লা বাদী হয়ে বোরহানউদ্দিন থানায় হত্যা মামলা দায়ের করেন। এ ঘটনার পর পরই পুলিশ মামলার নেন্বর আসামী মো. বজলুকে গ্রেপ্তার করেন। বাকী আসামীরা পলাতক থাকায় তাদের গ্রেপ্তার করা যায়নি। পরবর্তীতে গত ৮জন বিকলে মামলার তদন্তকারী কর্মকর্তা বোরহানউদ্দিন থানার উপ-পরিদর্শক (এসআই) মো. নজরুল ইসলামের নেতৃত্বে পুলিশের একটি টিম র‍্যাব-২ এর সহায়তায় তথ্য-প্রযুক্তি ব্যবহার করে বিশেষ অভিযান পরিচালনা করে ঢাকার মোহাম্মদপুর মেট্রো হাউজিং এলাকা থেকে মামলার ৩২নম্বর আসামী মো. বেলাল হোসেনকে গ্রেপ্তার করা হয়। একই দিন নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জ থানার কাঁচপুর ওয়াদমা কলোনী এলাকা থেকে গোপন বন্দাদ ভিত্তিতে তথ্য-প্রযুক্তি ব্যবহার করে র‍্যাব-১১ এর সহায়তায় মামলার ৩নম্বর আসামী মো. তানজিলকে গ্রেপ্তার করা হয়। পরে জোলায় এনে গ্রেপ্তারকৃত আসামীদেরকে আদালতের মাধ্যমে জেলে হাজতে পাঠানো হয়েছে। এ বিষয়ে বোরহানউদ্দিন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুজ্জামান জানান, মাইমুদ্দিনকে কুপিয়ে হত্যার ঘটনায় ওই দিনই একজনকে গ্রেপ্তার করা হয়। বাকী আসামীরা পলাতক থাকায় তাদের আটক করা যায়নি। পরবর্তীতে তথ্য প্রযুক্তি ব্যবহার করে পুলিশ ও র‍্যাব যৌথ অভিযান চালিয়ে ঢাকা এবং নারায়ণগঞ্জ থেকে মামলার অন্যতম আরো দুই আসামীকে গ্রেপ্তার করা হয়।

সেমিফইনালে ছিটকে পড়বে

হওয়া নিয়ে ভবিষ্যৎ বাদী এবং ইরান ও ইসরাইল-আমেরিকার যুদ্ধ নিয়ে তার ভবিষ্যত বাদী সত্য প্রমানিত হয়েছে। ফেসবুকে দেয়া এই জ্যোতিষীর পোস্টটি ছব্বছ তুলে ধরা হলো। তিনি লেখেন, ২০২৬ সালের ফুটবল বিশ্বকাপ নিয়ে মঠের লড়াই শুরু হওয়ার আগেই বিশ্বজুড়ে শুরু হয়েছে এক তুমুল উদ্‌দাম। সাধারণ মানুষ যখন দলগুলোর অতীত পরিসংখ্যান আর পারফরমেন্স নিয়ে হিচক-নিচক করতে ব্যস্ত, তখন প্রগুলিত সব ধারণাকে পাশ কাটিয়ে এই ফুটবল মহাযজ্ঞের চূড়ান্ত নিয়তি ইতিমধ্যেই নির্ধারিত হয়ে গেছে। এবারের টুর্নামেন্টে বিশ্ববাসী এমন কিছু অবিদ্যার শ্রেষ্ঠত্বের সূর্যখণ্ডা ত্রিঞ্জলি এবার ফাইনালের ঠিক আগের মুহূর্তে এসে ফুটবলের আকাশ থেকে অস্তমিত হবে। ফাইনালের সেই ঐতিহাসিক দিনে মেটলাফ স্টেডিয়ামের রণাঙ্গনে মুখোমুখি হবে ইউরোপের দুই চিরপ্রতিদ্বন্দ্বী পরাশক্তি

ইংল্যান্ড এবং ফ্রান্স।একদিকে থাকবে দীর্ঘদিনের শিরোপার সরা কাটিয়ে বিশ্বজয়ে মরিয়া ইংলিশরা, আর অন্যদিকে থাকবে অগ্রতিরোধ্য শক্তির ফরাসিরা। কিন্তু ট্রফি ছোয়ার ঠিক আগের মুহূর্তে, কাপের একদম দ্বারপ্রান্তে গিয়ে এক অদৃশ্য দেওয়ালে ধাক্কা খাবে ইংল্যান্ডের সব স্বপ্ন। এক বুক দীর্ঘশ্বাস আর বীরোচিত পরাজয় সঙ্গী করে মাঠ ছাড়তে হবে তাদের, রানার আগের মর্যাদা নিয়েই সম্ভষ্ট থাকতে হবে ইংলিশদের। ? কারণ, ১৯শে জুলাইয়ের সেই মোক্ষম ক্ষণে এক অনন্য এবং জাদুকরী আশীর্বাদ বর্ষিত হবে ফরাসিদের ওপর। উল্লেখিত সমস্ত পরিস্থিতি আর শক্তির গতিপথকে সামনে রেখে আজ অত্যন্ত স্পষ্ট ও দৃঢ়তার সাথে ঘোষণা করছি- ২০২৬ সালের বিশ্বকাপের মধ্যে ইংল্যান্ডের দর্প চূর্ণ করে, সোনালী ট্রফি ছিনিয়ে নিয়ে বিশ্ববিজৈতার মুকুট মাথায় পরবে ফ্রান্স। এই ভবিষ্যৎবাণী ফুটবল ইতিহাসের এক নতুন ঐতিহাসিক এবং রোমাঞ্চকর অধ্যায় রচনা করতে যাচ্ছে।

বিএনপি অফিসে ‘জয় বাংলা’

জেলা হাজতে পাঠানো হয়েছে।

বেইলি ব্রিজ ভেঙে মালবাহী

ঘটনাস্থলে গিয়ে মোরামতের চেষ্টা শুরু করেছেন। তবে কত সময়ের মধ্যে যান চলাচল স্বাভাবিক হবে তা নিশ্চিত করা যায়নি। ট্রাকচালক ও বাৎ এ দুর্ঘটনা ঘটেছে। ট্রাক ও মালামালের ব্যাপক ক্ষতি হয়েছে।' এ বিষয়ে পিরোজপুর সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী মো. রাশেদ বলেন ,'ভোরারতে একটি গুভারলোড ট্রাক গুটার কারণে বেইলি ব্রিজটি ভেঙে পড়ে। দ্রুত সময়ের মধ্যে ব্রিজটি মোরামতের চেষ্টা চলছে। তবে যান চলাচল স্বাভাবিক হতে কিছুটা সময় লাগতে পারে।'

জনবল-ওম্বুধ সংকটে ব্যাহত

বাংলাকাঠি মা ও শিশু কল্যাণ কেন্দ্রটি প্রতিষ্ঠিত হয়। প্রায় একই সময় চালু হওয়া দেশের ৬৩ জেলার মা ও শিশু কল্যাণ কেন্দ্রগুলোতে প্রয়োজনীয় বিভিন্ন পদ সৃজন করে জনবল নিয়োগ দেওয়া হলেও ব্যাতিক্রমন এটি। এখানে তিন বছর ধরে শূন্য একমাত্র মেডিকেল অফিসার পদটি। স্বাস্থ্য সেবা চালু রাখতে সম্প্রতি অফিস প্রধারের দায়িত্বে সদর উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের মেডিকেল অফিসারকে এই কেন্দ্রে সংযুক্ত করা হয়েছে। একটি অপারেশন থিয়েটার থাকলেও নৈই অ্যানেসথেসিয়া চিকিৎসক। নৈই শিশু বিশেষজ্ঞ। নিরাপদ মাতৃত্ব নিশ্চিত করতে কেন্দ্রটি থেকে ১৬ ধরনের সেবা দেওয়ার কথা থাকলেও তার অধিকাংশই এখন বন্ধ। ৩৪ ধরনের গুণ্ধ বিতরণের কথা থাকলেও সরবরাহ না থাকায় দুই মাসেরও বেশি সময় ধরে তাও বন্ধ। এমনকি মজুদ নৈই দীর্ঘমেয়াদি জন্মনিয়ন্ত্রণ পদ্ধতির পিল, ইনজেকশন, কনডমের মত প্রয়োজনীয় গুণ্ধের। দীঘা দেড় বছর ধরে নৈই গার্ড, আয়া, ওয়ার্ড বয় ও পরিচ্ছন্নতা কর্মী। বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র থেকে ২ জন অফিস সহায়ক ও ৩ জন পরিদর্শকাকে সংযুক্ত করে চালানো হচ্ছে কার্যক্রম। দীর্ঘদিন ধরে নৈই অ্যাম্বুলেন্স চালকও। কর্মরত স্টাফরা বলছেন, প্রয়োজনের তুলনায় জনবল খুবই কম হওয়ায় সেবা দিতে হিমশিম পেতে হচ্ছে। অন্যদিকে বোমপ্রভাশীদের অভিযোগে চিকিৎসক না থাকায় অনেক সময় দূরের হাসপাতালে যেতে হচ্ছে, এতে সময় ও অর্থ দুটিই নষ্ট হচ্ছে। চিকিৎসক ও জনবল সংকটের কারণে গুরুত্বপূর্ণ এই স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানটি তার পূর্ণ সক্ষমতা নিয়ে কাজ করতে পারছে না। মা ও শিশুদের জন্য নিরাপদ ও মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে, এমন প্রত্যাশা স্থানীয়দের। এ বিষয়ে বাংলাকাঠি মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসার (জিএল) ডাক্তার মেহেদী হাসান বলেন, সীমিত জনবল নিয়েই সমস্বয়ের মাধ্যমে স্বাস্থ্যসেবা চালিয়ে নেওয়ার চেষ্টা করা হচ্ছে এবং শূন্য পদ পূরণ হলে সেবার মান আরও উন্নত হবে বলে জানান, সদা যোগদানকৃত অফিস প্রধান।

মাথাপিছু আয় ও হাজার

বিবিএসের তথ্য বলছে, প্রতিবছর বাড়ছে মাথাপিছু আয়। এদিকে, চলতি অর্ধবছরে দেশের মোট দেশজ উৎপাদন (জিডিপি) ৪৫ বিলিয়ন ডলার বেড়ে ৫০১ বিলিয়ন ডলারে উন্নীত হয়েছে, যা দেশীয় মুদ্রায় দাঁড়িয়েছে ৬১ লাখ ২০ হাজার ২০৯ কোটি টাকা। আগের ২০২৪-২৫ অর্ধবছরে জিডিপির আকার ছিল ৫৫ লাখ ১৫ হাজার ২৬ কোটি টাকা বা ৪৫৬ বিলিয়ন ডলার। অর্থাৎ, এক অর্ধবছরের ব্যবধানে জিডিপির আকার বেড়েছে ৪৫ বিলিয়ন ডলার। বিবিএস জানায়, ২০২৫-২৬ অর্ধবছরে প্রবৃদ্ধি সাময়িকভাবে ৪ দশমিক ১৪ শতাংশে দাঁড়িয়েছে, যা আগের অর্ধবছরের ৩ দশমিক ৪৯ শতাংশের তুলনায় কিছুটা বেশি। তবে বিনিয়োগ ও সম্পদে নিম্নমুখী প্রবণতা লক্ষ্য করা গেছে। খাতভিত্তিক প্রবৃদ্ধিতে দেখা যায়, কৃষি খাতে ইতিবাচক ধারা অব্যাহত রয়েছে। ২০২৫-২৬ অর্ধবছরে এ খাতে প্রবৃদ্ধি দাঁড়িয়েছে ২ দশমিক ৭৮ শতাংশ, যা আগের বছরের ২ দশমিক ৪২ শতাংশের তুলনায় দশমিক ৩৬ শতাংশ বেশি।

হামের উপসর্গ নিয়ে

ঢাকা বিভাগে সবচেয়ে বেশি। এ বিভাগের হাম ও উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে ২৮৫ জন ও আক্রান্ত ৪৫ হাজার ১১০ জন।

হিজলায় লঞ্চঘাট প্রকল্প: উদ্বোধনের

সড়ক ভেঙে যাওয়ার পরে সংস্কারের জন্য দ্বিতীয় দফায় ২৫ লাখ টাকা বরাদ্দ দেওয়া হয়। টিকাদারির কাজ করেছেন নজরুল ইসলাম রাজু ঢালী। কর্মকর্তাদের তত্ত্বাবধানে নতুন সড়ক ও জেটি নির্মাণ করা হয়। গত ৩০ জানুয়ারি তৎকালীন অন্তর্বর্তী সরকারের নৌপরিবহন এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) এম সাখাওয়াত হোসেন লঞ্চঘাট উদ্বোধন করেন। উদ্বোধনের পর গত এপ্রিল মাসে জেটির আংশিক দেহে যায়। কয়েক দিন আগে সড়কের একটা বড় অংশ ধসে নদীপার্শ্বে ধসে গেছে। ভাঙন অব্যাহত থাকলে লঞ্চঘাটের সম্পূর্ণ সড়ক ও জেটি নদীপার্শ্বে বরলীন হয়ে যাবে বলে আশঙ্কা করা হচ্ছে। এলাকাবাসীর অভিযোগ, নতুন বরাদ্দের সংস্কারকাজে অনিয়ম হয়েছে। সড়ক নির্মাণের সময় নদীতে ভালোভাবে পাইলিং করা হয়নি। তড়িঘড়ি আর জোড়াভালি দিয়ে কাজ করায় সড়ক ও জেটি ধসে পড়ছে। সরেজমিনে হিজলা উপজেলায় গুয়াবাড়িয়া ইউনিয়নের মৌলভীবরহাট লঞ্চঘাটে দেখা যায়, সড়কের একাংশ নদীতে ধসে পড়ছে। পক্টুনে গের জেটির একপাশ দেহে গেছে। সাধারণ মানুষ সেই জেটি দিয়ে পক্টুনে উঠছেন। অনেকে নৌকার সহায়তা নিচ্ছেন। মৌলভীবর হাট এলাকার ব্যবসায়ী মো। আনোয়ার হোসেন বলেন, ‘২০২৩-২৪ অর্ধবছরে তৎকালীন আওয়ামী লীগ সরকারের আমলে এই লঞ্চঘাট প্রকল্পের নির্মাণকাজ পাতা তৎকালীন উপজেলা চেয়ারম্যান প্রয়াত বেলায়েত হোসেন ঢালীর ছেলে রাজু ঢালী। বাবের কাজে রাজু ঢালী ও তাঁর সিভিকিট নিম্নমানের সামগ্রী ব্যবহারসহ নানা অনিয়ম করেন। কাজ শেষ হওয়ার কিছুদিনের মধ্যেই পুরো ঘাটটি ভেঙে যায়। প্রথম দফায় সরকারের প্রায় কোটি টাকা গচ্ছা যায়।’ মৌলভীবর হাট এলাকার মো. দেলোয়ার হোসেন বলেন, ‘প্রথমবার ঘাটটি ধসে যাওয়ার পর জনগণের দুর্ভোগ ও নদী পারাপারের গুরুত্ব বিবেচনা করে সংস্কারের উদ্যোগ নেওয়া হয়। নতুন বরাদ্দের কাজ আগের টিকাদারি প্রতিষ্ঠান রাজু ঢালীকে দেওয়া হয় এবং তিনি আগের মতো চরম বছর তা কমে আদায় হয়েছে ১ কোটি ৪১ লাখ ১২ হাজার ৭৫০ টাকা, যা গত বছরের তুলনায় অনেক কম।

করে টিকাদার রাজু ঢালী বলেন, ‘প্রথম ও দ্বিতীয় দফায় সরকারি শিডিউল অনুযায়ী কাজ করা হয়েছে।’ বরিশাল বিআইডব্লিউটিএর নির্বাহী প্রকৌশলী মো. আমজাদ হোসেন বলেন, , ‘নিচ থেকে মাটি সরে যাওয়ায় মৌলভীবর হাটে লঞ্চঘাটের জেটি ও সড়ক ধসে পড়েছে। শিগগির ঘাটটি পরিদর্শন করে নতুনভাবে সংস্কার করা হবে।’ একই টিকাদার দ্বিতীয়বার কাজ পাওয়ার বিষয়ে আমজাদ হোসেন বলেন, ‘এক টাকার কাজের জন্যও অনলাইনে দরপত্র প্রক্রিয়া করে টিকাদার নির্ধারণ করা হয়। সেখানে ম্যানুয়ালি টিকাদার নির্ধারণের সুযোগ নেই। অনলাইনের দরপত্র প্রক্রিয়ায় যেকউে কাজ পেতে পারেন। ওই টিকাদার নজরুল ইসলাম রাজু ঢালীর সঙ্গে ব্যক্তিগত কোনো সম্পর্ক নেই।’

এক মাসে সীমান্তে তিন দেশের ৪৯০ নাগরিক আটক

কীর্তনখোলা ডেক্স

গত মে মাসে অবৈধভাবে সীমান্ত অতিক্রমের দায়ে বাংলাদেশ, ভারত ও মিয়ানমারের ৪৯০ জন নাগরিককে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। তাদের মধ্যে ৯২ জন বাংলাদেশি নাগরিক। আটকের পর তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থাও গ্রহণ করেছে বিজিবি। বুধবার (১০ জুন) বিজিবির জনসংযোগ কর্মকর্তা মো. শরীফুল ইসলাম এসব তথ্য জানান। তিনি বলেন, চলতি বছরের মে মাসে সীমান্তে বিজিবির অভিযানে ইয়ানাসহ বিভিন্ন ধরনের মাদকপাচার ও অন্যান্য চোরাকালানে জড়িত থাকার অভিযোগে ১৮৮ জন চোরাকারবারিকে আটক করা হয়েছে। একই সঙ্গে অবৈধভাবে সীমান্ত অতিক্রমের দায়ে ৯২ জন বাংলাদেশি নাগরিক, ৬ জন ভারতীয় নাগরিক ও মিয়ানমারের ৩৯২ জন নাগরিককে আটক করা হয়েছে। তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলেও জানান তিনি। বিজিবির এই কর্মকর্তা আরও বলেন, একই সময়ে দেশের সীমান্ত এলাকাসহ বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে ১৭৭ কোটি ৭৮ লাখ ৬৬ হাজার টাকা মূল্যের বিভিন্ন ধরনের চোরাকালান পণ্য জব্দ করা হয়েছে।

বঙ্গোপসাগরে আশঙ্কাজনক হারে কমছে মাছ, সংকটে জেলে-ব্যবসায়ী

বরগুনা প্রতিনিধি

বঙ্গোপসাগরে আশঙ্কাজনক হারে সব প্রকার মাছ কমে যাওয়ায় চরম সংকটে পড়েছেন উপকূলীয় জনপদ পাথরঘাটার জেলে ও মৎস্যনির্ভর ব্যবসায়ীরা। এক থেকে দেড় লাখ টাকার জ্বালানি, বরফ ও খাদ্যসামগ্রী নিয়ে গভীর সাগরে গিয়েও অধিকাংশ ট্রলার ফিরছে খালি অবস্থায়। ফলে জেলেপুল্লীতে নৈই আসন্ন ঈদুল ফিতরের কোনো আমেজ। অনাহার-অধ্বাধারে দিন কাটছে বহু পরিবারের। শিশু ও বৃদ্ধ বাবা-মায়ের চিকিৎসাও অনেক ক্ষেত্রে বন্ধ হয়ে গেছে। মাছনির্ভর এই উপজেলায় প্রায় ৯০ শতাংশ মানুষ প্রত্যাক বা পরোক্ষভাবে মৎস্য আহরণের সঙ্গে জড়িত। সাগরে মাছের আকাল দেখা দেওয়ায় এর প্রভাব পড়েছে পুরো স্থানীয় অর্থনীতিতে। পাথরঘাটা শহরসহ উপজেলার ছোট-বড় বাজারগুলোতে নৈই বেচাকেনা। ব্যবসায়ীদের মধ্যে বিরাজ করছে হতাশা ও অনিশ্চয়তা। ট্রলার মালিক, জেলে ও মৎস্য আড়ৎদার, মৎস্য পাইকারদের অভিযোগ, গভীর সাগরে অবৈধ ট্রলিং এবং ছোট ফাঁসের জাল ব্যবহার করে নির্বিচারে ছোট-বড় মাছ শিকার করার কারণে মাছের প্রজনন চক্র মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। এতে ধীরে ধীরে মাছশূন্য হয়ে পড়ছে বঙ্গোপসাগর। বরগুনা জেলা মৎস্যজীবী প্রশ্নক ইউনিয়নের সাবেক সভাপতি দুলাল মাস্টার অভিযোগ করেন, ভারতীয় আর্থনিক ট্রলিং জাহাজ বাংলাদেশের জলসীমায় ঢুকে নির্বিচারে মাছ শিকার করছে। তিনি আরও বলেন, গভীর সাগরে এসব অবৈধ ট্রলার বন্ধ করা না হলে অচিহ্নে মাছশূন্য হয়ে পড়বে বঙ্গোপসাগর। তখন সাধারণ জেলেরা পুরোপুরি কর্মহীন হয়ে পড়বেন। অন্যদিকে, বাজারে ক্রেতা না থাকায় দোকানদারদের মধ্যে একপ্রকার হাহাকার দেখা দিয়েছে। তবে ভিন্ন চিত্র স্বর্ণের দোকানগুলোতে। মধ্যবিত্ত ও সাধারণ মানুষ যার যেক্টু স্বর্ণ আছে তা বিক্রি কিবা বন্ধক রেখে সংসার চালাচ্ছেন। পাথরঘাটা শহর ও আশপাশের বাজারগুলোতে শতাধিক স্বর্ণের দোকানে প্রতিদিন সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত স্বর্ণ বিক্রি ও বন্ধক রাখার জন্য মানুষের লাইন দেখা যাচ্ছে। পাথরঘাটা উপজেলা বণিক সমিতির কোষাধ্যক্ষ মো. নূরে আলম বলেন, ৪০-৪৫ বছর ধরে কাপড়ের ব্যবসা করছি। কিন্তু ঈদ সামনে রেখে এত কম বেচাকেনা জীবনে দেখিনি। মানুষের হাতে টাকা নেই, যার কারণে কেনাকাটা করতে পারছে না। পাথরঘাটা উপজেলা স্বর্ণকার সমিতির সভাপতি অরুণ কর্মকার বলেন, ঈদুল ফিতরকে সামনে রেখে সাধারণত স্বর্ণ কেনার চাপ থাকে। কিন্তু এবার উলটো চিত্র। মানুষ স্বর্ণ বিক্রি ও বন্ধক দিয়েছে বেশি। এতে বোঝা যায় তারা কতটা কষ্টে আছে। স্থানীয়দের আশঙ্কা, সাগরে মাছের আকাল অব্যাহত থাকলে পাথরঘাটা উপজেলায় মানুষের কষ্ট আরও বাড়ছে। দ্রুত অবৈধ ট্রলিং বন্ধ ও জলসীমায় কার্যকর নজরদারি বাড়ানোর দাবি জানিয়েছেন তারা। একই সঙ্গে জেলদের জন্য প্রণোদনা ও বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণেরও আহ্বান জানানো হয়েছে। বরগুনা জেলা মৎস্যজীবী ট্রলার মালিক সমিতির সভাপতি গোলাম মোস্তফা চৌধুরী বলেন, অবৈধ ট্রলিং ট্রলারে ছোট ফাঁসের জাল ব্যবহার করে নির্বিচারে মাছ শিকার করে। এতে প্রজনন চক্র বাধে হয়ে সাগরে মাছের আকাল দেখা দিয়েছে। বর্তমানে জেলেরা সাগরে বিভিন্ন প্রজাতির মাছের দেখা তো পানই না, বরং ইলিশের ভরা মৌসুমেও ইলিশের দেখা মেলেনি। তিনি আরও বলেন, অবৈধ ট্রলিং ট্রলার নিষিদ্ধের দাবিতে প্রশাসনের দ্বারস্থ হয়েছি, স্মারকলিপি দিয়েছি এবং পাথরঘাটা শহরে বিভিন্ন সময়ে মিছিল, মানববন্ধন ও মিটিং করেও কোনো ফল পাওয়া যায়নি। দেশের দ্বিতীয় বৃহত্তম মৎস্যবন্দর পাথরঘাটা বিএফডিপির ব্যবস্থাপক হল, কমান্ডার জি এম মাসুম সিকদার বলেন, সাগরে মাছ কমে যাওয়ার কারণে গত বছরের তুলনায় এ বছর পাথরঘাটা বিএফডিপি ঘাটে রাজস্ব কম আদায় হয়েছে। গত বছর রাজস্ব আদায় হয়েছে ১ কোটি ৭৯ লাখ ১৪ হাজার ৮০০ টাকা। চলতি বছর তা কমে আদায় হয়েছে ১ কোটি ৪১ লাখ ১২ হাজার ৭৫০ টাকা, যা গত বছরের তুলনায় অনেক কম।

সারাদেশে চিকিৎসকের
শূন্যপদ ৮ হাজার ১৫৯টি

কীর্তনখোলা ডেস্ক
সারাদেশে উপজেল্লা-পাথরঘাটা-
চিকিৎসকের শূন্য পদ আট হাজার ১৫৯টি। দ্রুত সময়ে এসব শূন্য পদে নিয়োগ দেওয়া
হবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত ও এর পাতায় দেখুন



বেইলি ব্রিজ ভেঙে মালবাহী ট্রাক খালে, যোগাযোগ বিচ্ছিন্ন

পিরোজপুর প্রতিনিধি
পিরোজপুর-মঠবাড়িয়া-পাথরঘাটা-
বরগুনা আঞ্চলিক সড়কের
দেবীপুর এলাকায় মালবাহী ট্রাক
পার হওয়ার সময় একটি বেইলি
ব্রিজ ভেঙে খালে পড়ে গেছে।
এতে মঠবাড়িয়া ও পাথরঘাটা
বরগুনার সঙ্গে পিরোজপুরের
সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে
পড়েছে। বুধবার ভোররাত্তে

তৃষ্ণাখালী-মঠবাড়িয়া এলাকার
ব্যবসায়ী জাকির হোসেনের
কাঁচামাল (আলু) বোঝাই একটি
ট্রাক অতিরিক্ত মাল নিয়ে ব্রিজে
উঠলে এ দুর্ঘটনা ঘটে।
স্থানীয়দের মতে, রাত ৪টার
দিকে ট্রাকটি ব্রিজে ওঠার
কিছুক্ষণের মধ্যেই সেটি ধসে
পড়ে। এ ঘটনায় সড়কের দুই
প্রান্তে যান চলাচল বন্ধ হয়ে যায়

এবং দীর্ঘ যানজটের সৃষ্টি হয়।
তবে কোনো হতাহতের ঘটনা
ঘটেনি। স্থানীয়রা জানান,
ভোরের দিকে ট্রাকটি ব্রিজের
ওপর উঠতেই সেটি ভেঙে নিচে
খালে পড়ে যায়। পরে সকাল
হওয়ার সঙ্গে সঙ্গে দুই পাশে
যানবাহনের চাপ আরও বেড়ে
যায়। সড়ক ও জনপথ বিভাগের
কর্মীরা ও এর পাতায় দেখুন



জ্যোতিষীর ভবিষ্যদ্বাণী
সেমিফাইনালে ছিটকে পড়বে
আর্জেন্টিনা, বিশ্বকাপ জিতবে ফ্রান্স
কলাপাড়া প্রতিনিধি
বিশ্বকাপ ফুটবল ইতিহাসের এক নতুন ঐতিহাসিক এবং রোমাঞ্চকর
অধ্যায় রচনা হতে যাচ্ছে। এবার সকল নামিদামী দলকে হারিয়ে
সোনালী ট্রফি জিনিয়ে নিয়ে বিশ্ব জেতার মুকুট মাথায় পরবে ফ্রান্স।
এমনই ভবিষ্যত বানী করে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে
একটি স্ট্যাটাস দিয়েছেন দেশবরেন্দ্র জ্যোতিষী আবদুস ছালাম
শিকার। মঙ্গলবার বিকাল পাঁচটায় তিনি এ স্ট্যাটাস দেন। এর আগে
তানোভ ট্রান্সপের আমেরিকার প্রেসিডেন্ট ও এর পাতায় দেখুন



হিজলায় লঞ্চঘাট প্রকল্প: উদ্বোধনের ৪ মাসের মাথায় সড়ক ও জেটিতে ধস

হিজলা প্রতিনিধি
বরিশালের হিজলায় উদ্বোধনের চার মাসের মাথায় মৌলভীবরহাট
লঞ্চঘাট প্রকল্পের সড়কে ধস এবং জেটির অনেক অংশ পড়ে গেছে।
পাইলিং না করা, নিম্নমানের সামগ্রী ব্যবহারসহ নির্মাণকাজে অনিয়মের
কারণে ২৫ লাখ টাকার এই প্রকল্পের এমন বেহাল দশা হয়েছে বলে
অভিযোগ এলাকাবাসীর। এতে লঞ্চঘাটে আসা যাত্রীরা বিপাকায়
পড়ছেন। জীবনের ঝুঁকি নিয়ে ভাঙা সড়ক ও দেবে যাওয়া জেটি
পেরিয়ে লঞ্চে উঠছেন তারা। তবে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন
কর্তৃপক্ষের (বিআইডব্লিউটিএ) দাবি, লঞ্চঘাটে নিচ থেকে মাটি সরে
জানায়, প্রথম দফায় জেটিঘাট ও লঞ্চঘাটের ও এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

কীর্তনখোলা

আত্মতত্ত্ব প্রতিদিন

বরিশাল ৥ বৃহস্পতিবার ৥ ১১ জুন ২০২৬ ৥ ২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩

দুই সন্তানসহ মায়ের মরদেহ উদ্ধার ৭ দিন পর থানায় হত্যা মামলা

বরগুনা প্রতিনিধি
বরগুনায় জেলা পরিষদ
ডাকবাংলার পাশাপাশি আলাদা
বুধবার (১০ জুন) দুপুর ১টার
দিকে বরগুনা সদর থানার
মরদেহ উদ্ধারের সাত দিন পর
থানায় হত্যা মামলা করা হয়েছে।
নিম্নে ইতি রানীর স্বামী দুলাল
চন্দ্র বিশ্বাস বাদী হয়ে

অজ্ঞাতনামা আসামি করে বরগুনা
সদর থানায় এ মামলা করেন।
বুধবার (১০ জুন) দুপুর ১টার
দিকে বরগুনা সদর থানার
মরদেহ উদ্ধারের সাত দিন পর
থানায় হত্যা মামলা করা হয়েছে।
নিম্নে ইতি রানীর স্বামী দুলাল
চন্দ্র বিশ্বাস বাদী হয়ে

মঙ্গলবার (৯ জুন) মধ্য রাত্তে
ঘটনার সাত দিন পর মামলাটি
দায়ের করা হয়। খোঁজ নিয়ে
জানা যায়, গত বুধবার (৩ জুন)
বিকেল সাড়ে ৪টার দিকে জেলা
পরিষদ ডাকবাংলার তৃতীয়
তলার দুটি আলাদা কক্ষ থেকে
ও এর পাতায় দেখুন

চরফ্যাশনে মহাসড়কের পাশে ময়লার স্তুপ, দুর্গন্ধে নাকাল পথচারী

চরফ্যাশন প্রতিনিধি
ভোলায় চরফ্যাশনের
আঞ্চলিক মহাসড়কের
পাশে পৌরসভার ময়লা
ফেলা বন্ধের ঘোষণা
থাকলেও বাস্তবে তার
কোনো প্রতিফলন হয়নি।
উপরন্তু প্রতিদিন এ পথ
দিয়ে পথচারীদের চলতে
হচ্ছে নাক-মুখ চেপে।
বুধবার ভোলা-চরফ্যাশন
আঞ্চলিক মহাসড়কের
পাশে গিয়ে দেখা যায়, আগের মতোই একই স্থানে
ময়লার স্তুপ জমা হয়ে আছে। এতে ময়লার তীব্র
মুখ ঢেকে চলাচল ও এর পাতায় দেখুন

দুর্গন্ধ ছড়াচ্ছে এ পথে।
অভিভূত হয়ে উঠেছে
এলাকার জনজীবন,
বাড়িঘেে স্বাস্থ্যঝুঁকি।
দীর্ঘদিন ধরে চরফ্যাশন
নতুন বাসস্ট্যান্ড সংলগ্ন
মহাসড়কের পাশে
বিশাল আকারের
ময়লার ভাণ্ডাড় গড়ে
উঠেছে। সড়ক দিয়ে
চলাচলকারী যাত্রীরা
নাক-মুখ চেপে এলাকা

জনবল-ওষুধ সংকটে ব্যাহত ঝালকাঠি স্বাস্থ্যসেবা

ঝালকাঠি প্রতিনিধি
ঝালকাঠির মা ও শিশু কল্যাণ কেন্দ্রে দীর্ঘ দিন ধরে ওষুধ সরবরাহ বন্ধ
রয়েছে। নেই চিকিৎসকসহ প্রয়োজনীয় জনবল। ও বছরেরও বেশি
সময় ধরে হচ্ছে না সিজারিয়ান অপারেশন। এতে ব্যাহত হচ্ছে
প্রতিষ্ঠানটির সেবা কার্যক্রম। ফলে গর্ভবতী মায়েরদের ব্যথা হয়ে ছুঁতে
হচ্ছে বেসরকারি ক্লিনিক কিংবা বিভাগীয় শহরে। জনবল সংকটে
ও সীমাবদ্ধতার কথা স্বীকার করে সমাধানের আশ্বাস কর্তৃপক্ষের। ২০০৫
সালে একজন মেডিকেল অফিসার (ক্লিনিক) ও একজন ফিসেল
মেডিকেল অ্যাটেনডেন্ট নিয়ে ২০ শয্যার ও এর পাতায় দেখুন



বোরহানউদ্দিনে হত্যা মামলার দুই আসামি ঢাকা থেকে গ্রেফতার

বোরহানউদ্দিন প্রতিনিধি
বোরহানউদ্দিন উপজেলায় জমি বিরোধের জেরে বাড়ি থেকে ডেকে
নিয়ে মৃক মাইনুদ্দিনকে কুপিয়ে হত্যার ঘটনায় অন্যতম দুই
আসামিকে গ্রেপ্তার করেছে পুলিশ। গ্রেপ্তারকৃত ব্যক্তিরা হলেন
উপজেলার দেউলা ইউনিয়নের ১নম্বর ওয়ার্ডের ছোটপাড়া গ্রামের
ফয়জুল্লাহর ছেলে মো. বেলাল হোসেন (২৭) ও মো. তাজিল (২৪)।
বুধবার (১০ জুন) দুপুরের দিকে গ্রেপ্তারকৃত আসামিদেরকে আদালতের
মাধ্যমে জেল হাজতে পাঠানো হয়েছে। এর আগে গত ৮ জুন বিকেলে
এদেরকে ঢাকার মোহাম্মদপুর ও নারায়নদপ্তরের সিদ্ধিরগঞ্জ এলাকা
থেকে গৃহক গৃহক অভিযান চালিয়ে এদেরকে গ্রেপ্তার করে ৯ জুন রাত্তে
ভোলায় নিয়ে আসা হয়। বোরহানউদ্দিন থানা পুলিশ সঙ্গে জানা গেছে,
গত ২৯শে বিকেলে বোরহানউদ্দিনের ও এর পাতায় দেখুন

দশমিনায় হাত-পা বাঁধা গৃহবধূ উদ্ধার, স্বামী ও শ্বশুর গ্রেফতার

দশমিনা প্রতিনিধি
পটুয়াখালীর দশমিনা উপজেলায় এক গৃহবধূকে হাত-পা বেঁধে টমটমে
করে অজ্ঞাত স্থানে নেওয়ার অভিযোগে চান্দপুরের সৃষ্টি হয়েছে। এ
ঘটনায় ভুক্তভোগী লিপি বেগমের (২৮) স্বামী শাহজামাল ও শ্বশুর
মোহাম্মদ মুহম্মদ আটক করেছে পুলিশ স্থানীয়দের দাবি, গৃহবধূকে
নিরাপত্তার পর হত্যার উদ্দেশ্যে নিয়ে যাওয়া হচ্ছিল। তবে অভিযুক্ত
পরিবার অভিযোগে অস্বীকার করেছে। বুধবার (১০ জুন) সকালে
উপজেলার ৬ নম্বর বাজার ইউনিয়নের চরহাসনাবাদ এলাকায় এ ঘটনা
ঘটে। ভুক্তভোগী লিপি বেগম চরহাসনাবাদ এলাকার সিরাজ চৌকিদার
বাড়ির বাসিন্দা ও শাহজামাদের প্রথম ও এর পাতায় দেখুন

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস. এফ.সি.পি.এস. ফেলো ডটট. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যাপক ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এস)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেষ্টারো:
মেডিনোভা ডায়গনস্টিক কমপ্লেক্স
শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে
বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য:
০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৬
০১৭১৪-০৬৮৮৬, ০১৭০৬-০৪৪৭১৫

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বাংলাদেশের জিডিপি ৫০০ বিলিয়ন ডলার ছাড়ালো

কীর্তনখোলা ডেস্ক
২০২৫-২৬ অর্থবছরে দেশের মোট দেশজ উৎপাদন (জিডিপি) ৪৫ বিলিয়ন ডলার বেড়ে
৫০১ বিলিয়ন ডলারে উন্নীত হয়েছে, যা দেশীয় মুদ্রায় দাঁড়িয়েছে ৬১ লাখ ২০ হাজার ২০৯
কোটি টাকা। আগের ২০২৪-২৫ অর্থবছরে জিডিপি ও এর পাতায় দেখুন



বাউফলে বুদ্ধি ও দৃষ্টিপ্রতিবন্ধীকে ধর্মণ, ৯ সপ্তাহের অন্তঃসত্ত্বা

বাউফল প্রতিনিধি
পটুয়াখালীর বাউফল উপজেলায় এক বুদ্ধি ও দৃষ্টিপ্রতিবন্ধী কিশোরীকে
(১৪) জোরপূর্বক ধর্মণের অভিযোগ উঠেছে। ধর্মণের ফলে ওই
কিশোরী বর্তমানে ৯ সপ্তাহের অন্তঃসত্ত্বা। এই ঘটনায় ভিকটিমের মা
বাদী হয়ে বাউফল থানায় উত্তর রাজনগর গ্রামের শহিদুল খানের ছেলে
মোঃ সাব্বির খান ওরফে রাব্বি (১৯)-কে একমাত্র আসামি করে একটি
ভিকটিম কিশোরী উপজেলার বগা ইউনিয়নের ৫নং ওয়ার্ডের উত্তর
রাজনগর গ্রামের এক দিনমজুরের মেয়ে। সে জনগণতান্ত্রিক বুদ্ধি ও
দৃষ্টিপ্রতিবন্ধী। গত ৫ মার্চ থেকে ৩০ মার্চের মধ্যে কোনো এক সময়ে
কিশোরীটি তার ছোট ভাইকে খোঁজার জন্য প্রতিবেশী বাঘা
হাওলাদারের বাগানের পাশে যায়। এ সময় নির্জনতার সুযোগ নিয়ে
অভিযুক্ত সাব্বির খান রাব্বি ওই কিশোরীর ওড়না দিয়ে মুখ বেধে
খড়ের গাদার পাশে নিয়ে জোরপূর্বক ধর্মণ ও এর পাতায় দেখুন



উজিরপুরে দুটি পরিবহনের মুখোমুখি সংঘর্ষ, আহত ৩০

উজিরপুর প্রতিনিধি
ঢাকা-বরিশাল মহাসড়কের উজিরপুরে মঙ্গলবার মধ্যরাতে বৃষ্টি
চলাকালীন হানিক ও বাউফল পরিবহনের দুটি যাত্রীবাহী বাসের
মুখোমুখি সংঘর্ষে কমপক্ষে ৩০ জন যাত্রী আহত হয়েছেন। খবর পেয়ে
হাইওয়ে পুলিশ ও ফায়ার সার্ভিস কর্মীরা স্থানীয়দের সহায়তায়
আহতদের উদ্ধার করে বিভিন্ন হাসপাতালে ভর্তি করেছে এবং দুর্ঘটনা
কবলিত বাস দুটিকে আটক করা হয়েছে। ঢাকা-বরিশাল মহাসড়কের
উজিরপুরের নতুন শিকারপুর ও সোনার বাংলা বাজার এলাকার
মধ্যবর্তী স্থানে যাত্রীবাহী হানিক ও বাউফল পরিবহনের মুখোমুখি
সংঘর্ষ হয়েছে। এতে উভয় বাসের কমপক্ষে ৩০ যাত্রী আহত হয়েছে।
আহতদের উদ্ধার করে উজিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও বরিশাল
শেরেবাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।
মঙ্গলবার দিবাগত মধ্যরাতে বৃষ্টি চলাকালে সংঘটিত এ দুর্ঘটনা ঘটে।
খবর পেয়ে তাৎক্ষণিক উজিরপুর উপজেলা ফায়ার সার্ভিসের কর্মীরা ও
হাইওয়ে থানা পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে স্থানীয়দের সহায়তায়
আহতদের উদ্ধার করে বিভিন্ন হাসপাতালে প্রেরণ করেছেন।
তাৎক্ষণিকভাবে আহতদের পরিচয় ও এর পাতায় দেখুন



বরিশাল জেলা ক্রীড়া সংস্থার নবগঠিত আহবায়ক কমিটির খেলোয়াড় এবং সংগঠকদের পরিচিতি সভায়
উপস্থিত জেলা প্রশাসক খায়রুল আলম সুমন

মাথাপিছু আয় ৩ হাজার ডলার ছাড়ালো

কীর্তনখোলা ডেস্ক
চলতি ২০২৫-২৬ অর্থবছরে
দেশবাসীর মাথাপিছু আয় বেড়ে
৩ হাজার ২০ মার্কিন ডলার
হয়েছে, টাকার হিসাবে যা ৩
লাখ ৬৮ হাজার ৮৭৩ টাকা
(প্রতি ডলার ১২২ টাকা ১৫
পয়সা ধরে)। গত অর্থবছরে
মাথাপিছু আয় ছিল ২ হাজার
৭৬৯ মার্কিন ডলার। এ হিসাবে
বছরের ব্যবধানে মাথাপিছু আয়
বেড়েছে ২৫১ মার্কিন ডলার।
বুধবার (১০ জুন) বাংলাদেশ
পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
প্রকাশিত জিডিপির সাময়িক
হিসাবে এ তথ্য জানানো
হয়েছে। বিগত ২০২৩-২৪
অর্থবছরে মাথাপিছু আয় ছিল ২
হাজার ৭৩৮ মার্কিন ডলার।
ফলে ও এর পাতায় দেখুন

**কম্পিউটারের সবকিছুই
আপনার নাগালে**

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution,
Accessories Selling, Training
& Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com